দুরন্ত বার্তা, হাওড়া, ৫ ফেব্রুয়ারি : ‘আসলে সব একটার পর একটা ঘোমটা খুলে গেছে। তাই এখন নতুন তাস দিতে হবে।’ অভিষেকের কেশপুরের মন্তব্যের পাল্টা এবার বামনেন্দ্রী মীনাক্ষী’র গলায়। ‘সিপিএম, বিজেপি’কে বলব গলাগলি না করে একা লড়ুন।’ শনিবার কেশপুরে অভিষেকের ওই মন্তব্য প্রসঙ্গে রবিবার হাওড়ায় এসে এর কড়া জবাব দেন বামনেন্দ্রী মীনাক্ষী মুখোপাধ্যায়। এদিন তিনি বলেন, ‘ওনাকে ( অভিষেক ) বলতে দিন। চিরকালই উনি ওটা করেন। আসলে সব একটার পর একটা ঘোমটা খুলে গেছে। তাই এখন নতুন তাস দিতে হবে। আগে যত যত চুরি করেছে যা না দ্বীর্ঘতিত হয়েছে সেই চুরি দ্বীর্ঘতিত থেকে নিজেরের নামওলা পরিস্কার করার ব্যবস্থা করুক।’ অন্য এক প্রশ্নের উত্তরে মীনাক্ষী আরও বলেন, ‘শুধু বীরভূম কেন গোটা রাজ্য জুড়েই এখন বোমা, গুলি, বারুদ। রোজ গুলে দেখুন, গত ’২২এর জুলাই থেকে শুরু হয়েছে। একটা সপ্তাহ বাদ নেই গোটা রাজ্যের কোনও না কোনও প্রান্ত বোমা, গুলি, বারুদের স্থপ্তে পরিণত হচ্ছে। কেউ কি প্রেফতার হয়েছেন ? তাদেরকে কি নেই কাজ দীর্ঘদিন ধরেই হয়ে তলব করেছেন ? রাজ্যের পুলিশ

## আলোই ঈশ্বরের প্রতিবিশ্ব দূরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ৬৭ সংখ্যা, সোমবার, ২২ মাঘ, ১৪২৯

## শিওরে চিনা ড্রাগন

করোনায আক্রান্ত চিনা ড্রাগন ভারতের দিকে তাক করে ফাঁস করতে ছাড়ছে না। তারা এবার সীমান্ত খুলে দেওয়ার ব্যাপারে উদ্যোগী হয়েছে। সীমান্ত বন্ধ করে রাখায় সীমান্ত ব্যবসা হচ্ছিল না। তার ওপরে চিনা নাগরিকেরা বিদ্রোহ করতে শুরু করে দিয়েছে সরকারের সঙ্গে। কোনও সীমান্ত দিয়ে কোনও পণ্য চিন দেশে প্রবেশ করছে না। ফলে চিন দেশে নিত্য প্রয়োজনীয় জিনিসের অভাব দেখা দিয়েছে। চিন করোনা সংক্রমণ থেকে দৃষ্টি অন্য দিকে সরিয়ে দেওয়ার জন্য তাইওয়ানে আকাশ পথে যুদ্ধ বিমানের মহড়া শুরু করে দিয়েছিল। চিন থেকে বলা হয়েছে তাইওয়ান তাদেরই অংশ। সেই কারণে তাইওয়ান আক্রমণ করাদ্দর কথা ভাবছে না। তারা এখন ভারত এই ব্যাপারের দিকে নজর রাখতে শুরু করেছে। কংগ্রেসের নেতা রাহুল গান্ধি মনে করছেন, চিন এবং পাকিস্তান এক সঙ্গে ভারত আক্রমণ করতে পারে। পাকিস্তানের আক্রমণ করার মতো আর্থিক জোর নেই। ভারত যদি কাশ্মীর নীতিকে পাকিস্তানের বিপক্ষে না নিয়ে যায় তাহলে ভারতের বিপদ বৃদ্ধি হতে পারে। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা তা বেবেই রেখেছেন। ভারত এ ব্যাপারে সতর্ক পদক্ষেপ গ্রহণ করেছে। রাশিয়া এবং আমেরিকার সঙ্গে ভারত সখ্যতা রাখার চেষ্টা করেছে। এদিকে ভারত এবারে জি-২০ সম্মেলনের সভাপতি। ফলে ভারতের ওপরে দায়িত্ব বৃদ্ধি পেয়েছে। ইউক্রেনের প্রেসিডেন্ট এদিকে ভারতের ওপরে চাপ দিতে শুরু করেছেন। তিনি বলেছেন, ভারতই পারবে রাশিয়াকে থামাতে। বিশ্বের আর কোনও শক্তি নেই যে পুতিনকে বোঝাতে পারে। কিন্তু ভারতের কথা পুতিন কতখানি গুরুত্ব দেবে তা ভেবে দেখতে শুরু করে দিয়েছে বিদেশ মন্ত্রক। ভারত বলেছে মুখে বলা এক আর কাজে পরিণত করাটা আর একটি ব্যাপার। কঠিন ব্যাপার। কারণ পুতিন এখন কারোর কথাকে বেশি পছন্দ করছেন না। তিনি পোপের সঙ্গে কথা করেননি। তিনি মনে করেন পোপ ইউরোপ এবং আমেরিকার দূত হয়ে তাঁর সঙ্গে কথা বলতে আসছেন। সেই কারণে তিনি পোপকে ফিরিয়ে দিয়েছিলেন। ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি বলেছেন দশটি শাস্তি সূত্র বের করা হয়েছে। তার মধ্যে রয়েছে সম্পূর্ণ নিরাপত্তা, জ্বালানি ও খাদ্যের নিরাপত্তা, যুদ্ধবন্দীদের মুক্তি, ভৌগলিক অখণ্ডতাকে মান্যতা দেওয়া, ইউক্রেনের জমি থেকে রুশ বাহিনী প্রত্যাহার করা, সীমান্ত খুলে দেওয়া ইত্যাদি। যুদ্ধ থামাতে ভারতের ওপরে চাপ সৃষ্টি করছেন তিনি। তবে ভারত এ ব্যাপারে কোনও মত প্রকাশ করেনি। কূটনৈতিক মহল থেকে বলা হয়েছে যে প্রতিটি বিষয় অতি স্পর্শকাতর এবং জটিল। রাশিয়ার সঙ্গে ভারতের বন্ধুত্ব রয়েছে। কিন্তু তা বলে পুতিন ভারতের কথা মেনে নেবে এটা বলা যায় না। এদিকে রাশিয়া আগ বাড়িয়ে যুদ্ধ বিরতি ঘোষণা করবে না। ভারতের ওপরে রাশিয়া বেশ নির্ভরশীল হয়ে পড়েছে। ভারতের শিল্পগুলি চলছে কাশ্মীর দেশের অধিকাংশ উৎপাদনের ওপরে। আর্থিক দিক দিয়ে রাশিয়াও লাভবান হচ্ছে। জেলেনস্কি যেসব প্রস্তাব দিতে শুরু করে দিয়েছে তাতে পুতিনকে রাজি করানো একেবারে খুবই কঠিন। পুতিন যে সোজা মানুষ নন সেটা পরিস্কার। পুতিন ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করছেন খুব বুধে শুনে। ফলে ভারতের কথা মেনে পুতিন চলবেন না এটা পরিস্কার। এদিকে চিন এই পরিস্থিতির দিকে তাক করে কঁপেঁস করছে। আবার দেশর হয়েছে উত্তর কোরিয়ার কিস। রাশিয়ার প্রেসিডেন্টের সঙ্গে পোপ আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনের কোনও কথা হয়নি। ভবিষ্যতে হবে কিনা তারা বলা যাচ্ছে না। রাশিয়ার এবং আমেরিকা শান্তি আলোচনায় অংশ গ্রহণ করলেই তবে যুদ্ধ থামা সম্ভব। তারা কথা কেউই শুনতে চাইছে না। করোনা চিনে পড়ে বিস্তার করার কথা প্রতিকার নাটকীয় ছিল। অফ্রিকার দেশগুলি এখন খাদ্য সংগ্রহ করতে হিমশিম খাচ্ছে। ইউক্রেন থেকে গম আসা বন্ধ হয়েছে। তার ফলে বহু মানুষ অভুক্ত থাকছে। এমনকী ইউক্রেন নাগরিকেরাও ঠিক মতো খেতে পড়তে পারছেন না। ভয়াবহ অবস্থা। চিন দেশে আবার কঠোর নিয়ন্ত্রণ আরম্ভ করেছে। চিন দেশ থেকেই করোনা সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল সেটা প্রমানিত। চিনও এখন আর অস্বীকার করতে পারছে না। আবার চিনা ড্রাগন ফাঁস করতে ছাড়ছে না। তারা আর্থিক দিক দিয়ে সঙ্কটজনক মোচন করার জন্য যেসব শব্দ খণ নিয়ে ছিল চিনের কাছ থেকে তাদের কাছ থেকে চাপ দিয়ে টাকত্রা আদায় করছে। ফলে সেই সব দেশের অবস্থা খুবই জটিল। অতীতের চিনে যে আর্থিক উন্নতি হয়েছিল সেই অবস্থা ক্রমশ সরে গিয়েছে। যুদ্ধান্ত্র তৈরি করাই এর প্রধান কারণ। চিনা পণ্যের বাজার নেই। সম্ভার চিনা পণ্য কেউ কিনতে রাজি হচ্ছে না। চিনা পণ্যকে বয়কট করতে শুরু করে দিয়েছে জনগণই। তার একমাত্র কারণ হচ্ছে চিনা পণ্যের কোনও গ্যারান্টি নেই। তার ফলে বাজার ধরতে রাখতে পারছে না।। জাপান সেই সব বাজার গ্রহণ করেছে। এমনকী ভারতও বেশ পছন্ট কাবার ধরতে শুরু করে দিয়েছে। ইউরোপের দেশগুলিতে কোরিয়া ভালো বাজার করতে শুরু করে দিয়েছে। সিঙ্গাপুরও ভালো বাজার তৈরি করতে সক্ষম হয়েছে। ফলে চিনা আর্থিক অবস্থা ক্রমশ অবনতির দিকে। এদিকে তাইওয়ানের আকাশ পথে চিনা যুদ্ধ বিমান মহড়া দেওয়াতে তাইওয়ান চিন সরকারকে সতর্ক বার্তা দিয়েছে।



**অশিক্ষিতকে শিক্ষা দেওয়া বরং অনেক সোজা হয়, কৃশিক্ষিতদের শিক্ষক হওয়া সেটাই কঠিন কাজ সোজা নয়। যদি শালীনায় উন্নতি লাভ করতে চাও, তবে কপটতা ত্যাগ করা। কপট হয়োনা, নিজে ঠকও না হয়োনা, আর অপরকেও ঠিকও না থাকে।**

**রামকৃষ্ণদেবের কথামৃত**

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, পরম সত্যের উপাসক হতে হবে। তবেই মা ভবানীর শক্তি অর্জন করা সম্ভব হবে। তিনি বললেন, মা জাগতিক শক্তি অর্জন করতে পেরেছেন। প্রকৃত শিক্ষার মধ্যেই শক্তি নিহিত। শারীরিক শক্তি, মানসিক শক্তি ধারণ করতে হবে। সভ শক্তি দিয়ে দেশের সেবা করতে হবে। এটা যিনি করতে পারেন তিনি হচ্ছেন সার্থক সন্ন্যাসী। জীবন সার্থক হয় তাঁর। তিনিই সিদ্ধ পুরুষ। মহা মানবে পরিণত হন তিনি। মায়ের শক্তি থেকেই সেতা অভয় শক্তি আসে। সেই শক্তির কোনদিন ক্ষয় হয় না। এই শক্তি হচ্ছে সর্বজীবী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। বেদ বেদান্ত সব কিছুই ভরসা করে রয়েছে মায়ের শক্তির ওপরে। প্রকৃত মাতৃশক্তির সংজ্ঞাকে বুঝতে হবে। পড়তে হবে। তার থেকে জ্ঞান আহরণ করতে হবে। নিজেকে নিষ্ঠাবান পরিণত করতে হবে। মনের এবং শরীরের শক্তির প্রভাব বৃদ্ধি করতে হবে। সব বিষয়ে পারদর্শিত্ব হতে হবে।

## “এ নেশন ইন মেকিং”-রাষ্ট্রগুরু সুরেন্দ্ৰ নাথ বন্দ্যোপাধ্যায়ের দর্শন শাস্ত্র

রাষ্ট্রগুরু সুরেন্দ্ৰনাথ বন্দ্যোপাধ্যায় ভারতের জাতীয় কংগ্রেসে যাঁরা সংবিধান স্বাধীনতা খুঁজতে শুরু করে দিয়েছিলেন এবং পূর্ণ স্বাধীনতা পাওয়ার জন্য উদ্যীব হয়ে রয়েছেন তাঁদেরকে উদ্দেশ্য করে বইটি উৎসর্গ করেছেন-‘এ নেশন ইন মেকিং’। বইটি তাঁর আত্মজীবনী হলেও এটি একটি ইতিহাসের দলিল হয়ে গিয়েছে। কীভাবে ভারত রাষ্ট্র তৈরি হতে শুরু করে দিয়েছে তার বিবরণ পাওয়া যাবে এই বইটি পাঠ করলে। ভারতকে রাষ্ট্রে পরিণত করতে গেলে কী কী দরকার তারও ব্যাখ্যা রয়েছে। রয়েছে রাষ্ট্রগুরুর কর্মধারা। রাষ্ট্রগুরু বারবার ভারতকে একটি রাষ্ট্রে পরিণত করার চেষ্টা করতে শুরু করে দিয়েছিলেন শিক্ষা গ্রহণ দিয়ে তারই বিস্তারিত বর্ণনা রয়েছে। আমরা অবাধ হয়ে যাই যে রাষ্ট্রগুরু সুরেন্দ্ৰ নাথ বন্দ্যোপাধ্যায় ভারতের স্বাধীন রাষ্ট্র তৈরি করার ক্ষেত্রে বেশ অগ্রণী ভূমিকা পালন করেছিলেন। এই বইটি এক সযে বই বাজারে দুল্ভ হয়ে গিয়েছিল। পাওয়াই যাচ্ছিল না। অথচ ভারতের স্বাধীনতা আন্দোলনের একটি উজ্জ্বল দলিল হল এই বইটি। এই অমূল্য বইটি প্রকাশ করলো ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন। আর্থিক কষ্টা থাকলেও বইটি প্রকাশ করে গবেষকদের এবং স্বাধীনতাকামী মানুষদের বহু উপকার করা হয়েছে এটা বলতেই হবে। রাষ্ট্রগুরু সুরেন্দ্ৰ নাথ বন্দ্যোপাধ্যায় গুরুত্বেই তিনি বইটি সম্পর্কে মূল্যবান মন্তব্য করেছেন। I have for some time been thinking of writing the Reminiscences of my life. I have been encouraged in the idea by the some of my friends, who think (and I share their view) that they may throw light on some of the most interesting capters in our currents history and help to elucidate them from the Indian standpoint. I belong to a generation that is fast passing away; and I have been in close touch, and I may add in active asso-

ciaion with some of its most illustrious men, devoted workers in the public cause, who by their labours have largely contributed to our own Province and foster the beginnings of the real national life throughout the country’ বইটি ব্যাখ্যা এবং বিশেষণ করেছেন মাত্র কয়েকটি কথায়। কেন তিনি এই ধরনের বই লিখ তে গেলেন তার নিয়ে আলোচনা করেছেন। তিনি দেখ তে পেয়েছিলেন ভারতের নাগরিকেরা স্বাধীনতা নিয়ে চিৎকার করছে বটে। কিন্তু তাদের তখনও স্বাধীনতা সম্পর্কে কোনও ধারণা তৈরি হয়নি। সেই কারণে তিনি চিন্তা করলেন এমন একটি বই রচনা করবেন যা স্বাধীনতা কামী মানুষদের কাছে হাতিয়ার হয়ে থাকবে। বঙ্কিমচন্দ্রের ‘আনন্দমঠ’ উপন্যাস যেমন হাতিয়ার হয়ে উঠল বিশ্ববীদের কাছে। ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশনের সভাপতি অনিল কুমার রায় বইটির ভূমিকাতে লিখেছেন, He was the father of Indian Nationalism, founder of the Indian Association and twice President of the National Congress. He travelled to differen parts of India to campaign for national unity and freedom of country. He, along with others, organized protests against the oppressive acts and policies of the British governments. ।

তারপরে বইটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মানিকচন্দ্র দোলই। তিনি লিখেছেন, ‘A Nation in Making’ is a valuable social, political and historical pholosophy, prior to the formation of the Indian National Congress and afterwards ‘in building up a democratic representative Government through Parliament sovereignty in free India’. It is moving history of stirring times in our national life based

on experiences, intelligence and introspective outlooks under the f o r i e n g administration.”। এই বইটি সামাজিক, রাজনৈতিক, ইতিহাস, দর্শন, কংগ্রেসের সঠন প্রস্তুতি, স্বাধীন গণতান্ত্রিক ভারত নির্মাণ করার ভিত তৈরি করে দিয়ে গিয়েছেন রাষ্ট্রগুরু সুরেন্দ্ৰ নাথ বন্দ্যোপাধ্যায় তা এই বইটি পড়লে বুঝতে পারা



যাবে। তখন ভারতের কোনও কিছুই ছিল না। স্বাধীন ভারত তৈরি করার পর কেমন হবে সেই ভারত তার একটি পূর্ব রেখা। তৈরি করে দিয়েছিলেন রাষ্ট্রগুরু সুরেন্দ্ৰনাথ বন্দ্যোপাধ্যায়। সাধারণ সম্পাদক মানিকচন্দ্র দোলই যেভাবে বিস্তারিত করে বইটির বর্ণনা দিয়েছিলেন গুরুত্বই তাতেই বইটি সম্পূর্ণ পাঠ হয়ে যায়। তবে সেটা খুবই সংক্ষিপ্ত করা হয়েছিল। বিস্তারিত ভাবে আলোচনা তিনি করেন নি। তবে বক্ষিপ্ত আলোচনা কলরেই মূল বক্তব্যকে বিস্তারিত ভাবেই ব্যাখ্যা করেছেন। প্রায় ১৬ পাতা ধরে পুরো বইটি বিভিন্ন গুরুত্বপূর্ণ অধ্যায়ের আলোচনা করেছেন তিনি। এটা বলতে গেলে যারা স্বাধীনতা সংগ্রামের ওপরে গবেষণা করতে ইচ্ছুক তাদের কাছে বইটি খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠল। এই বইটি বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে পাঠ্য হওয়া উচিত।

সুরেন্দ্ৰ নাথ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আনন্দ মোহন বসুর দেখা হয়েছিল বিলাতে ১৮৭১ সালে। সেখানে গিয়ে দুই বছর ইতালির কীভাবে এক্যবদ্ধ হয়ে ছিল জোসেফ ম্যাজিনির নেতৃত্বে তা নিয়ে বিস্তারিত আলোচনা করতেন পড়াশুনার ফাঁকে। ১৮৭৫ সলে বিলাত থেকে ফিরে তৈরি করলেন ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন ২৬ জুলাই ১৮৭৬ সালে কলকাতার দেড়শো বছর যে চিন্তা করে দিয়েছিলেন সেটাই আজকে রাষ্ট্র স্তরে দেখতে পাওয়া যাচ্ছে। এক্যবদ্ধ ভারত গড়ে তুলতে না পারলে কিন্তু ভারত আবার বিদেশি শক্তির দ্বারা পদানত হয়ে বেশি সময় নেবে না। সেই কারণে এখনই উচিত কাজ হচ্ছে প্রতিটি রাজ্যে ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা করে সমগ্র ভারতবাসীকে এক করা এবং জাতীয় জাগরণ মঞ্চ তৈরি করা। ১৮৯০ সুরেন্দ্ৰ নাথ বন্দ্যোপাধ্যায় ইণ্ডিয়ান ন্যাশনাল কংগ্রেসের প্রতিধ্বনি হয়ে বিলাত সফরে গেলেন। ১৯০৯ সালে তিনি বিলাতের বিভিন্ন স্থানে বক্তব্য রেখেছিলেন। সেই সময়ে সুরেন্দ্ৰ নাথ সম্পর্কে বিলাতের পণ্ডিত হিউম তাঁর একটি প্রকাশিত প্রবন্ধে “জ্ঞহুস্থথ ১৮৯৩” লিখছেন, “Inida, 1893৩৬।œ...ôisÉ–ôôMr. Surendranath , the greatest of our Indian orators, was many years ago recognized by his tutors in Eng-land”। ১৬ অক্টোবর ১৯০৫ সালে বঙ্গভঙ্গ হল। সেই সময়ে হিন্দু মুসলমান রাথি বন্ধন এবং অরন্ধন পালন করে বঙ্গভঙ্গ এর বিরুদ্ধে প্রতিবাদ করছে। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনকে সক্রিয় রাখতে একটি ভবন তৈরি করার খুবই প্রয়োজন হয়ে পড়েছিল। সবাই এগিয়ে এলেন। তারাকনাথ পালিত, ভগ্নিনী নিবেদিতা বাদ গেলেন না। তারা সহযোগিতা করার আশ্বাস দিলেন। সমবেতভাবে সবাই ‘বন্দেমাতরম’ গান গেয়ে রাথি বন্ধন করলেন। আনন্দমোহন বোস খুবই অসুস্থ ছিলেন। তিনি অসুস্থ থাকলেও ডাক্তারদের সঙ্গে করে নিয়ে এসে ফেডারেশন হলে ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন। গুরুদ্বাস বন্দ্যোপাধ্যায় বক্তব্য রেখে ছিলেন।

ফেডারেশন হলের ভিত্তি প্রস্তরকালে প্রোক্ত্রােশন পাঠ করেছিলেন ইংরেজিতে


### বেলুন ধ্বংসের ঘটনায় যুক্তরাষ্ট্রের ওপর চটেছে চীন

উত্তর আমেরিকার আকাশসীমায় দেখা গিয়েছিল চিনা নজরদারি বেলুন। শনাক্ত হওয়া সন্দেহজনক চীনা ‘নজরদারি বেলুন’ ধ্বংস করেছিল আমেরিকার সেনারা। আর তার পর থেকেই করায় যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানাতে শুরু করেছে বৈজিং। চীনের বিদেশ মন্ত্রণালয় থেকে দেওয়া এক বিবৃতিতে স্পষ্ট করে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র এ ঘটনায় মাত্রাতিরিক্ত প্রতিক্রিয়া দেখিয়েছে এবং আন্তর্জাতিক আইনের গুরুত্ব লঙ্ঘন করেছে তারা। গত কয়েক দিন ধরে উত্তর আমেরিকার আকাশে উড়ছিল চিনের বেলুন। পেট্টাগানের অভিযোগ ছিল, আমেরিকার সামরিক ঘাঁটি, অস্ত্রের উপর নজরদারি চালাচ্ছে বৈজিং। যদিও সেই দাবি নস্যাং করে চিন দাবি করে, নজরদারি নয়, আবহাওয়া ও বৈজ্ঞানিক তথ্য সংগ্রহের জন্য বেলুন ওড়ানো হয়েছিল। হাওয়ার গতিস সঙ্গে পথ পরিবর্তন করে আমেরিকার আকাশে ঢুক পড়ে বেলুনাট। এর জন্য চিনের তরফে ক্ষমা চেয়ে নেওয়া হয়। ভবিষ্যতে যাতে এধরনের ঘটনা না ঘটে তার পক্ষে নজর রাখা হবে। কিন্তু চিনের বিবৃতিতে যে চিড়ে ভেজেনি তা স্পষ্ট হয়ে গেল রবিবার সকালে হতেই। মার্কিন দক্ষিণ ২২ বিমান থেকে ক্ষেপণাস্ত্র ছুঁড়ে চিনা বেলুনটিকে নষ্ট করা হয়। দক্ষিণ ক্যারোলিনা উপকূলের কাছে আটলান্টিক সমুদ্রে পড়ে যায় বেলুনাট। পেট্টাগান সূত্রে খবর, সমুদ্রের খুব গভীর পড়েনি বেলুনাট। সেটিকে উদ্ধার করার কাজ চলছে। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল বেলুন ফটোনাট ভিডিও ভাইরাল হয়েছে। প্রত্যক্ষদর্শীদের দাবি, তাঁরা বিস্ফোরণের শব্দ শুনেছেন। এই মিশন শেষ হতেই আমেরিকার প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিন বলেন, চিন আমাদের সার্বভৌমত্ব নষ্টের চেষ্টা করেছে। তাই আমাদের পদক্ষেপ আইনসম্মত। সেই যুক্তি অবশ্য মানতে চায়নি চিন। এদিন চিনের বিদেশমন্ত্রকের তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, অসামরিক এয়ারক্রাফটকে গুলি করে নামানো নিসন্দেগে বাড়াবাড়ি। আন্তর্জাতিক নিয়ম লঙ্ঘন করেছে আমেরিকা। এদিকে এই ঘটনার প্রেক্ষিতে মার্কিন বিদেশ সচিব অ্যান্টনি ব্লিন্কেনের হিন্দু সফর বাতিল করা হয়েছে বলে সূত্রের খবর। যুক্তরাষ্ট্রের দাবি, বেলুনাট তাদের বিভিন্ন সামরিক স্থাপনায় নজরদারি করছিল। বেলুনটিকে কেন্দ্র করে ওয়াশিংটন ও বৈইজিংয়ের মধ্যে উত্তেজনা বাড়তে থাকে। এমন অবস্থায় মার্কিন প্রতিরক্ষা পত্রে পেট্টাগান বলেছে, শনিবার এফ-২২ যুদ্ধবিমান থেকে একটি ক্ষেপণাস্ত্র ছুঁড়ে বেলুনাট ধ্বংস করেছে তারা। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন এ অভিযানকে ‘ইচ্ছাকৃত কর্মকাণ্ড’ বলে উল্লেখ করেছেন। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্রের সার্বভৌমত্বের অগ্রহণযোগ্য লঙ্ঘন করেছে চীন। আর এর জবাবেই অভিযানটি চালানো হয়েছে। রবিবার বৈইজিংয়ের বিদেশ মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, চালকবিহীন বেসামরিক আকাশযানটিতে হামলায় যুক্তরাষ্ট্র যে শক্তি ব্যবহার করেছে, তা নিয়ে চীন তীব্র আশঙ্কায় ও প্রতিবাদ জানাচ্ছে। প্রতিবাদে এ ব্যাপারে কোনও পদক্ষেপ নেওয়া হবে। গত বৃহস্পতিবার মার্কিন কর্মকর্তারা জানান, তাঁরা যুক্তরাষ্ট্রের আকাশে বিশাল একটি নজরদারি বেলুন শনাক্ত করেছেন। এ নিয়ে চীন শুরুর্তে সংশয় প্রকাশ করলেও পরে স্বীকার করে বেলুনাট তাদেরই। বৈইজিংয়ের দাবি, বেলুনাট গোয়েন্দা বেলুন নয়, এটি আবহাওয়া পর্যবেক্ষণকারী বেলুন। যুক্তরাষ্ট্র চীন ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে গত শুক্রবার মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিন্কেন বৈইজিংয়ের বিরুদ্ধে সফর বাতিল করেছেন। রবিবার চীনের বিদেশ মন্ত্রণালয় বলেছে, শান্ত, পেশাদার ও সংঘাত হয়ে যথাযথভাবে পরিস্থিতি সামলানোর জন্য যুক্তরাষ্ট্রকে অনুোধ করেছিল তারা।

## হারিয়ে যাওয়া ছোট বেলার বিয়েবাড়ি

সম্রুত দত্ত আমাদের ছোট বেলার বিয়েবাড়ি গুলো কেমন যেন আশ্চর্য ভাবে পাষ্টে সেলা শুধু পাষ্টেই গেল না, বড়ো ক্রততার সঙ্গে পাষ্টে গেছে। আগে অঞ্চলের কোন পরিবারের যুবক বা যুবতীর বিয়ের সম্বন্ধ পাকা হয়ে গেলেই গোটা পড়ার মানুষদের যেন একটা অলিখিত দায়িত্ব জন্মে যেতা এমনকি বিয়ের পাকা কথা চলাকালীনও প্রতিবেশী কোন বান্ধব মানুষকে অবশ্যই সঙ্গে রাখা হতো। এটাই ছিল সে সময়ের দস্তুর। প্রতিবেশী বান্ধবরা ছিল অঞ্চলের এক অভিজাবক। বিয়ের কয়েকদিন আগে থেকেই শুরু হত প্যান্ডেল বাঁধার কাজ। আর ঐ প্যান্ডালের বাঁশ ধরে ঝুলে নানাভাবে খেলা ও লেল খাওয়ার মধ্যে দিয়ে আমাদের ছোটদের বিয়েবাড়ির আনন্দ শুরু হতো। এরপর আসত ঠেলা গাড়ি ভর্তি বিভিন্ন রঙের কাপড়ের গাউটি, সঙ্গে ভাজ করা কাঠের চেয়ার আর লম্বা কাঠের টেবিল। তার পিছন পিছন আসত রান্নাবান্নার সরঞ্জাম। শীলনোড়া, হামালদিত্তা, বেশ বড় আকারের অন্তত দুটো বাটি আর কয়েকটা জলের চিনের ড্রাম তার মধ্যে অবশ্যই থাকত। পাড়ার মেয়েদের বিয়ে মানে পাড়ার যুবকদের বিশেষ দায়িত্ব। ঠিক যেন নিজের বোনের বিয়ে। আর সেটাই তো ছিল সেকালের চিত্রাধারা। এখনকার মতো পারের বাড়ির মেয়েদের সঙ্গে পাড়ার ছেলেরদে প্রেম বা ভালোবাসার সম্পর্ক বিশেষ তৈরি হতো না। সোজা কথা পাড়ার মেয়ে হল বোনের সমান। কিছু ব্যতিক্রমী ঘটনা অবশ্যই ছিল। আত্মীয় পরিজনরা বেশ কয়েকদিন আগে থেকেই বিয়েবাড়ি চলে আসত। বিয়েবাড়ির আত্মীয় পরিজনদেরের সঙ্গে আশেপাশের পরিবারগুলোর একটি সমগ্র সম্পর্কের পারিবারিক সব মিলেমিশে একাকার হতে যেতা বাড়িতে সব আত্মীয় থাকজনেরদের রাতে ঘুমানোর জায়গা না থাকলেও পুছ হওয়া নেই। আশেপাশের বাড়ী তো আছেই। সেই সময়ের মানুষদের একটি আলাদা আবেগ ছিল। পাড়ার মেয়ের বিয়েতে কোন অপমান জনক পরিস্থিতি তৈরি হওয়া মানেই গোটা অঞ্চলের অপমান। সুতরাং সবকিছু এ বিয়ের কাজে ঝাঁপিয়ে পরতে হবে। পাশের বাড়ির জেঠিমা , কাকিমা সমেত বান্ধা মহিলাদেরে অলিখিত দায়িত্ব ছিল, বিয়ের আচার ও নিয়মাবলী নিষ্ঠার সঙ্গে পাত্র-পাত্রীকে পালন করানো। তাদের কথা, নিয়মে যেন কোন কমতি না থাকে। বিয়ে মানেই এক পবিত্র বন্ধন। কাজেই বিয়ের সম্পূর্ণ অনুষ্ঠান শুচিতার সঙ্গে পালন করতে হবে। পাড়ার মেয়ে কন্যাসমা। সুতরাং তাঁর বিয়ের মঙ্গল কামনা ছিল এক সমবেত প্রার্থণা। আজ বিয়ের দিনের কথা ভালো অবাক হতে হয়। বাড়িতেই মমরা এসে মিষ্ট বানাতা পাড়ার ছেলেরদের মধ্যে একটু দায়িত্ববান কেউ ভোর রাতে বাজার থেকে মাছ কিনে এবং মাংস ঠিক মতো কাটিয়ে নিয়ে আসত। বিয়ের আগের দিন সন্ধ্যায় বিয়েবাড়ির লোকদের সঙ্গে পাড়ার ছেলেরা দলেরেই হেঁটে করে কাঁচ বাজার করা ছিল এক মস্ত আশ্চর্যের বিষয়। রান্না ঘরে সারাদিন পাড়ার একজন বান্ধব মানুষ উপস্থিত থেকে পাহারাদারের কাজ করত। রান্নার ঠাকুর ও তার সহযোগীদের উপর তীক্ষ্ণ নজর রাখার সঙ্গে সঙ্গে সন্ধ্যা জিনিসের যেন অপচয় না হয় সেটা যেনা ছিল তাঁর প্রধান কর্তব্য। অনেক হতে না হতেই পাণ্ডালে খাবার পরিবেশনের জন্য কাঠের চেয়ার ও লম্বা টেবিল বিছানো হয়ে যেতা। টেবিলে হালকা জল ছিটিয়ে কাগজের রোল থেকে সস্তার কাজ পেতে চলত খাবার পরিবেশনের চুস্তান্ত প্রস্তুতি। তখনকার দিনে পাড়ার দাদারা কোমড়ে গামছা বেঁধে পরিবেশন পর্ব নিজেদের কাঁখে তুলে নিতে একটা গর্ব অনুভব করতে দেখছি। আমাদের ছোটদের কাজ ছিল সুন্দর ভাবে কলাপাতা টেবিলে পেতে ঐ পাতার একটা কোনার নুন ও পাতিলেবুর টুকরো সাজিয়ে রাখা। আর জলের জগ নিয়ে মাটির ভরে জলে ভর্তি করে রাখা। এখন এখনকার মতো বিদেশি খাবার পাতে উত্ত না থাকে। ভালো চালের ভাত , মাছের মাথা দিয়ে মুগডাল সঙ্গে বোঁটা সমেত লম্বা বেগুন পাতে পরতেই





## অতিরিক্ত ওজনে গর্ভধারণ



**দুরন্ত বার্তা** ঃ অতিরিক্ত ওজন গর্ভধারণের ক্ষেত্রে বড় ধরনের অন্তরাণ্য। এতে সন্তান না হওয়া কিংবা গর্ভধারণ বিলম্ব হতে পারে। এ ছাড়া গর্ভপাতসহ নানা জটিলতায় মা ও শিশুর জীবন বিপন্নও হতে পারে। তা ছাড়া একজন স্বাভাবিক ওজনের সুস্থ নারীর গর্ভধারণের চেয়ে একজন স্থূলকায় নারীর গর্ভধারণ বেশ কষ্টকর।

**চাই আদর্শ ওজন ও ফিটনেস** ঃ গর্ভধারণের জন্য একজন নারীর আদর্শ ওজন ও ফিটনেস ধরে রাখা জরুরি। এ জন্য বডিমাস ইনডেক্স বা বিএমআই হতে হবে ১৮.৫-২৪.৯ কেজি/ মিটার স্কয়ারের মধ্যে। এর বেশি হলে গর্ভধারণের সম্ভাবনা কমতে থাকে। অতিরিক্ত ওজনের কারণে হরমোনাল ইমব্যালান্স হতে পারে এবং গুণ্যলেশ্যনের (ভিটালগু) পরিপক্ব হয়ে ভিটামশয থেকে ভিটাম্গু বের হওয়া) সমস্যা হয়, যা পিরিয়ডকে অনিয়মিত করে গর্ভধারণের সম্ভাবনা কমিয়ে দেয়।

নারীদেহে রজজক্র নিয়ন্ত্রণ ও গর্ভধারণ ক্ষমতা বাড়ানোর জন্য ইস্ট্রোজেন হরমোন নিঃসরণ খুব জরুরি। এই ইস্ট্রোজেন সাধারণত ওভারিতে তৈরি হয়। কিন্তু ৩০ ভাগের বেশি ইস্ট্রোজেন সাধারণত দেহের ফ্যাট সেল থেকে উৎপন্ন হয়। কোনো গর্ভবতীর ওজন যদি আদর্শ হয় এবং শরীরে ১৭-২২ ভাগ চর্বি থাকে, তবে ইস্ট্রোজেন হরমোন সঠিক পরিমাণে উৎপন্ন হয়। কিন্তু স্থূলকায় হলে অতিরিক্ত ফ্যাট সেল থেকে অতিরিক্ত মাত্রায় ইস্ট্রোজেন নির্গত হওয়ার কারণে টিকমতো ওভুলেশ্যন হয় না। এতে অনিয়মিত রজজক্র হয়, যাতে গর্ভধারণে সমস্যা হতে পারে।

মনে রাখতে হবে, ওজনাধিক্য গর্ভধারণের সম্ভাবনাকে হ্রাস করার পাশাপাশি সন্তান জন্মানোর সময় প্রতিকূল অবস্থার তৈরি করতে পারে। আর এই অবস্থা হলে মা এবং নবজাতক উভয়ের জীবন ঝুঁকির মধ্যে পড়ে।

**করণীয়** ঃ-
-সঠিক ডায়েট প্ল্যান মেনে চলুন। স্বাস্থ্যকর খাবার গ্রহণ করুন।
-নিয়মিত শরীর চর্চা বা ব্যায়াম করুন ও আত্মবিশ্বাসী হোন।
-গর্ভবতী মায়ের প্রতি পরিবারের অন্য সদস্যরা বিশেষ সহযোগিতা করুন।
-শুধু বিএমআই সঠিক থাকলেই হবে না, ফিটনেসের সূচক ওয়েস্ট হিপ রেশিও (ডব্লিউএইচআর) ঠিক থাকতে হবে। আদর্শ রেশিও হলো ০.৬৭-০.৮ পর্যন্ত।

-গর্ভধারণের আগেই অতিরিক্ত ওজন ঝেড়ে ফেলুন। বিএমআই, ওয়েস্ট হিপ রেশিও স্বাভাবিক মাত্রার মধ্যে আনুন।

একজন সুস্থ মা-ই পারে একটি সুস্থ শিশুর জন্ম দিতে। প্রয়োজনে পুষ্টিবিদের পরামর্শ নিন।

## ফুসফুস ক্যান্সারের চিকিৎসা



**দুরন্ত বার্তা** ঃ ক্যান্সার শব্দটি আমাদের সকলের নিকট একটি ভীতিকর শব্দ। এটি মানব দেহের একটি মারাত্মক ও জটিল ব্যাধি। ক্যান্সারের কারণে মানুষের দেহের কোষগুলো অতিমাত্রায় বৃদ্ধি পায় এবং অকৃতি পরিবর্তন হয়ে যায়। মরণঘাতক হিসেবে এইচস এর পরেই ক্যান্সারের অবস্থান। আর ফুসফুসে ক্যান্সার হচ্ছে একটি ভয়াবহ ব্যাধি। প্রতি বছর বিশ্বের অসংখ্য মানুষ এই ব্যাধিটিতে আক্রান্ত হচ্ছে। এই ব্যাধিটিতে সাধারণত মহিলাদের চেয়ে পুরুষরাই বেশি আক্রান্ত হয়ে থাকে। ফুসফুস বা লাংস ক্যান্সারের ভয়াবহতার প্রধান কারণ হচ্ছে এই রোগটি সম্পূর্ণ নিরাময় ব্যাপার কোন ওষুধ আবিষ্কৃত হয়নি। এটি কোন জীবাণু ঘটিত রোগ নয়। তাই চিকিৎসা বিজ্ঞানীদের পক্ষে এর প্রতিরোধক আবিষ্কার করাও কষ্টসাধ্য ব্যাপার হয়েছে। তবে ফুসফুসের ক্যান্সার বর্তমানে কেমোথেরাপি এবং রেডিওথেরাপি অভাবনীয় কার্যকরী ফল দিচ্ছে। চিকিৎসকগণ এই ব্যাধিটি সম্পূর্ণ প্রতিকারের জন্য গবেষণা চালিয়ে যাচ্ছেন। ফুফুসে ক্যান্সারের একটি অন্যতম কারণ হল ধূমপান। যে সকল ব্যক্তির ধূমপায়ী তারাি প্রধানত এই রোগে আক্রান্ত হয়ে থাকেন বেশি। ধূমপান হল ফুসফুসের ক্যান্সারের সবচেয়ে বড় শত্রু। ধূমপান ছাড়াও শিল্প কলকারখানার নির্গত ধোঁয়া এবং গাড়ির কালো ধোঁয়া ফুসফুসের ক্যান্সার সৃষ্টির জন্য দায়ী। ফুসফুসের সংক্রমন জন্মিত রোগে যেমন- বন্ধা ও নিউমোনিয়া ভাল হওয়ার পরও ফুসফুসের আক্রান্ত স্থানে ক্যান্সার হতে পারে। নানা ধরনের রাসায়নিক পদার্থ-ক্রিয়াম্য, ক্যাডমিয়াম, এসবেস্টস ইত্যাদির সংস্পর্শে যে সকল ব্যক্তি দীর্ঘদিন কাজ করে তাদের ক্ষেত্রেও ফুসফুসের ক্যান্সার হবার সম্ভাবনা থাকে। ফুসফুসের ক্যান্সার রোগের উপসর্গ বা লক্ষণ সকল রোগীর ক্ষেত্রে একই রকম হয় না। কারও কাশি, শ্বাসকষ্ট, সাথে বৃকে ব্যথাও হয়ে থাকে। এ সকল লক্ষণ দেখা দেয় যদি রোগীর টিউমার ফুসফুসের বাহির পৰ্যন্ত বৃদ্ধি পায়। আর যাদের টিউমার ফুসফুসের ভিতরে বৃদ্ধি পায় তাদের কাশির সাথে রক্ত যায় এবং পুঁজ জাতীয় কাশি হয়। শ্বাস নিতে কষ্ট হয়। এছাড়াও আরও যেসকল উপসর্গ রয়েছে-চোখে অসুবিধা দেখা দিতে পারে। হাতের নিচে বগলে, ঘাড়ে চাকার মত হতে পারে। গলার স্বরের পরিবর্তন হতে পারে। খাবার খাওয়ার সময় গলায় আটকে যাবার প্রবণতা দেখা দেয়। ওজন হ্রাস পেতে পারে। খাবারে অনীহা, রক্ত স্রাবার এবং রক্তে ক্যালসিয়ামের পরিমাণ বৃদ্ধি পায়। প্রস্রাবের সাথে প্রোটিন নির্গত হতে পারে। স্বর অনুভব হতে পারে। আঙ্গুলের ডগা স্ফীত হয়ে যেতে পারে ইত্যাদি। চিকিৎসকগণ তাদের চিকিৎসার সুবিধার্থে এই ব্যাধিটিকে প্রধানত দু'টি ভাগে ভাগ করেছে। ননস্থল সেল কারসিনোমা এবং স্থলসেল কারসিনোমা। নন স্থলসেল কারসিনোমা রোগীর দেহে অনেক দিন ধরে বর্শবিস্তার করে। বর্তমানে এর চিকিৎসার জন্য ট্রেমোটিয়ার নামক ওষুধটি ব্যবহৃত হচ্ছে। এছাড়া প্রথম অবস্থায় এই ব্যাধিটি ধরা পড়লে অপারেশনের সাহায্যে রোগীকে রোগ থেকে মুক্তি দেওয়া সম্ভব। ফুসফুসের ক্যান্সার চিকিৎসায় কেমোথেরাপি ও বিকিরণ এবং রেডিওথেরাপি পদ্ধতি কার্যকরী হলেও ট্রেমোটিয়ার নামক ওষুধটি হচ্ছে এর যুগোপযোগী ওষুধ, কারণ এর পার্শ্বপ্রতিক্রিয়া কম। স্থলসেল কারসিনোমার চিকিৎসা সাধারণত ননস্থলসেল কারসিনোমার চেয়ে কম ব্যবহব্ধ। স্থলসেলের ক্ষেত্রে ব্যাধিটি খুব দ্রুত দেহে ছড়িয়ে পড়ে। স্থলসেলের চিকিৎসা কেমোথেরাপির সাহায্যে হলেও এর একটি আধুনিক ও কার্যকরী ওষুধ বর্তমানে আবিষ্কৃত হয়েছে। ক্যাম্পটো নামক ওষুধটি স্থলসেল কারসিনোমার ক্ষেত্রে খুবই ভাল একটি ওষুধ। ফুসফুসের ক্যান্সার একটি মরণব্যাধি। আমাদের সকলের সচেতনতার দ্বারা এটি প্রতিরোধ করা সম্ভব। ধূমপান হচ্ছে এই রোগের অন্যতম মূল উৎস। তাই সকলের উচিত ধূমপান পরিহার করা এবং ধূমপায়ী ব্যক্তিদের নিকট হতে দূরে থাকা। এছাড়া যে সকল কারণ এই মরণব্যাধিটির জন্য দায়ী সেগুলো থেকে দূরে থাকা। সমাজের সর্বস্তরের মানুষের সচেতনতার দ্বারাই সম্ভব এই রোগের অতিশাণ থেকে মুক্ত হওয়া।

# স্বাস্থ্য ও সচেতনতা

# শিশুদের মধ্যে অ্যাডিনয়েড সমস্যা

**দুরন্ত বার্তা** ঃ অ্যাডিনয়েড বড় হয়ে গেলে নাক বন্ধ হয়ে যায়। তখন নাক দিয়ে নিঃশ্বাস নেওয়া কষ্টকর হয়। এর ফলে ঘুমের ব্যাঘাতসহ শিশুদের মারাত্মক কিছু শারীরিক জটিলতা হতে পারে। শীতের সময় এই সমস্যা বাড়তে পারে। নাকের পেছনে টনসিলের মতো সাধারণ কিছু লিম্ফয়েড টিস্যু থাকে। এটি যদি কখনো বড় হয়ে যায়, তাহলে নাকের পেছনের শ্বাসনালিকে বন্ধ করে দিতে পারে। একে বলে অ্যাডিনয়েড বড় হওয়ার সমস্যা, যা সাধারণত শিশুদের বেশি হয়। শীতের সময় এর জটিলতা বাড়তে পারে।

**লক্ষণ** ঃ শিশুদের অ্যাডিনয়েড বড় হলে কিছু লক্ষণ প্রকাশ পায়। এসব লক্ষণ দেখা দিলে মনে করতে হবে, তার অ্যাডিনয়েড বড় হয়ে সমস্যা তৈরি হচ্ছে। যেমন-
-শিশুর নাক বন্ধ থাকে। সব সময় সর্দি লেগে থাকে।
-মুখ দিয়ে শ্বাস নেয়, সব সময় মুখ হাঁ করে থাকে।
-ঘুমের সময় শ্বাসকষ্টে ভোগে, মুখ হাঁ করে ঘুমায়।
-নাকি স্বরে কথা বলে।
-মুখ দিয়ে লাল পড়ে।
-খাওয়া-দাওয়ায় যেক্টে অরুচি থাকে।
-স্লিপ অ্যাপনিয়া বা ঘুমের মধ্যে শ্বাস বন্ধ হয়ে যায়। ঘুম ভেঙে গেলে জোরে জোরে শ্বাস নেয়।
-ঘুমের মধ্যে নাক ডাকে।
-কানের পেছনে একটা টিউব থাকে, যার ওপর চাপ পড়লে শিশুর কানের সমস্যা হয়, কানে কম শোনে। উচ্চ ভলিউমে রেডিও-টেলিভিশন শোনে।
-কানে ইনফেকশন হতে পারে, মাঝেমধ্যে কান ব্যথা হয়, পুঁজ পড়তে পারে।
-সাইনোসাইটিস হতে পারে।
-পর্দার পেছনে মধ্যকর্ণে জল জমে,

### ঠাণ্ডাজনিত কাশি

**দুরন্ত বার্তা** ঃ আর কিছুদিন পরেই চলে যাবে শীত। ঋতু বদলের এ সময়ে হাঁচি, কাশি, অ্যালার্জিজনিত রোগ-ব্যাধির প্রকোপ বেড়ে যাচ্ছে। ঠাণ্ডাজনিত অ্যালার্জি শীত বা শীতের পর দেখা দেয়। এই সময় শীত চলে গেছে ভেবে মানুষ অতটা গরম কাপড় পরে না। ফলে ঠাণ্ডাজনিত অ্যালার্জি হয়। শীতের এইসময়ে বাতাসে অনেক ধুলো থাকে। এই ধুলোর সঙ্গে অ্যালার্জেন মিশে থাকে। এই সময় অ্যালার্জি হওয়ার বিভিন্ন উপাদান আমাদের শ্বাসনালির ভেতর ঢুকে যায় বা আমাদের ত্বকের ওপর বসে পড়ে। মোটকথা, বাতাসে অর্ধ্রতা কম থাকার ফলে অ্যালার্জির প্রকোপ বেড়ে যায়। আসলে হাঁচি, কাশি উপসর্গ মাত্র। এসব কিছুই এলার্জি সংক্রান্ত রোগ। আর সব হাঁচি যে অ্যালার্জি সংক্রান্ত তা-ও নয়। এ সময় সকালের দিকে অনেক হাঁচি হতে পারে। নাক দিয়ে হঠা করে জল পড়ে এবং কাশি হয়ে থাকে। অনেকের ত্বকে অবখাি চুলকানি শুরু হয়। এগুলোয় উস একই, কেবল উপসর্গ ভিন্ন। এই অ্যালার্জি যখন নাকে যায় তখন নাকের ঝিল্লির ওপর বসে প্রতিক্রিয়া শুরু করে। তখন হাঁচি শুরু হয়। যখন গলায় যায় তখন কাশি হয় এবং যখন ত্বকে অ্যালার্জি হয় তখন এটি চুলকানি আকারে প্রকাশ পায়। অবহাওয়ায় অ্যালার্জির উপাদান যত ব্যাতে থাকে এই রোগের প্রকোপও তত বাতে থাকে। একটি শহরে যত বেশি ব্যাঘাত হয়ে মানুষ তত অ্যালার্জির সমস্যা় ভুগবে। বেশি কাশি হলে গলা বসে যেতে পারে। কাশতে কাশতে অনেক সময় ফেরিনজাইটিস হয়ে যায়।



যাকে অটাইটিস মিডিয়া উইথ ইফিউশন বলে। অনেক সময় মধ্যকর্ণে ইনফেকশনও হতে পারে।
**জটিলতা** ঃ অ্যাডিনয়েডের কারণে বা সঠিক সময়ে চিকিৎসা না করলে কিছু জটিলতা হতে পারে। যেমন-
-সব সময় বা মুখ দিয়ে শ্বাস নেওয়ার কারণে অনেক সময় শিশুর মুখের আকৃতি পরিবর্তন হয়ে যায়। একে বলে “অ্যাডিনয়েড ফেসিস”। অ্যাডিনয়েড ফেসিসের চেহারা়র শিশুকে দেখতে অনেকটা হাবাগোবা বা বোকা টাইপের মনে হয়। তাদের মুখ দেখলেই বোঝা যায়। কেননা মস্তিষ্কের পুষ্টি হলো অক্সিজেন। আর এসবের অভাবে শিশুদের আইকিউ কমে যায়, তারা বোকা বোকা হয়, বুদ্ধি লোপ পায়।
-ঘুমের ভেতর যেহেতু অক্সিজেন সাপ্লাই কমে যায়, ফলে ব্রেনেও অক্সিজেন সাপ্লাই কমে যায়। এতে মস্তিষ্ক হাইপক্সিক ড্রাইভে ভোগে।
-দাঁত উঁচু হতে পারে, তালু ওপরে উঠে যেতে পারে।

-টনসিলও বড় হয়ে পুঁজ জমে জটিলতা হতে পারে।
-শিশুর খেতে কষ্ট হয়, খেতেও অনেক সময় লাগে।
-পড়ালেখা়য় অমনোযোগী হয়, শারীরিক ও মানসিক বিকাশ ব্যাহত হয়।
-নাকের স্বাভাবিক বুদ্ধি হয় না বলে নাক ছোট হয়ে যেতে পারে।
-এই রোগের মারাত্মক জটিলতা হিসেবে বাতস্বর, উচ্চ রক্তচাপ, হৃদরোগ, হার্ট ফেলিওর, দীর্ঘস্থায়ী কিডনির অসুখ ইত্যাদি হতে পারে।
**যাদের হয়** ঃ সাধারণত তিন থেকে চার বছরের শিশুদের এটা বেশি হয়। তবে ছয়-সাত বছরের শিশুদেরও হতে পারে। ১০-১১ বছরের পর অনেক ক্ষেত্রে অ্যাডিনয়েডের অবস্থানের পরিবর্তন ঘটে বা ছোট হতে থাকে। এ রকম না হওয়া বরং খারাপ লক্ষণ।

**পরীক্ষা** ঃ কোনো শিশুর অ্যাডিনয়েড আছে কি না বা অ্যাডিনয়েড বড়

হয়েছে কি না এটা উপরোক্ত কিছু লক্ষণ দেখে বোঝা যায়। এ ছাড়া কিছু পরীক্ষা।-নিরীক্ষার মাধ্যমে নিশ্চিতভাবে জানা যায়। যেমন-সিম্পল এক্স-রে সফট টিস্যু নেসোফেরিংক্স ল্যারাল ভিউ। এই এক্স-রে করালে ঠিক কর্তৃত্ব শ্বাসনালি বন্ধ হয়ে গেছে সেটা ভালোভাবে বোঝা যাবে। এ ছাড়া এন্ডোসকপি এবং সিটি স্ক্যান করেও জানা যায়।

**চিকিৎসা** ঃ ওষুধ বা অ্যান্টিবায়োটিক প্রয়োগ অথবা অপারেশন করে অ্যাডিনয়েড ফেলে দেওয়া-এই দুভাবে অ্যাডিনয়েডের চিকিৎসা করা যায়।

**অপারেশন**
**অ্যাডিনোটনসিলেকটমি** ঃ শিশুর অ্যাডিনয়েডের সমস্যা জটিল মনে হলে, বেশি বড় হয়ে গেলে এবং শ্বাসনালিকে বাধাপ্রস্তু করলে এবং কোনো উপসর্গ দেখা দিলে অপারেশন করে ফেলাই ভালো। টনসিল ও অ্যাডিনয়েড দুটিই অপারেশনের

# লক্ষণ অনুযায়ী মাথাব্যথার কারন নির্নয়

**দুরন্ত বার্তা** ঃ মাথাব্যথা অতি পরিচিত স্বাস্থ্য সমস্যা। মাথাব্যথা বিরক্তিকর ও কষ্টদায়ক সমস্যা হলেও বেশির ভাগ ক্ষেত্রে তা মারাত্মক রোগ নির্দেশ করে না। দৃশ্চিন্তা ও মাইগ্রেন শতকরা ৯০ ভাগ মাথাব্যথার জন্য দায়ী। মাথাব্যথা নানা কারণে হয়ে থাকে। টেনশন কিংবা দৃশ্চিন্তাজনিত মাথাব্যথা, মাইগ্রেন, ক্লাস্টার, সাইনাস কিংবা চক্ষুজনিত মাথাব্যথা, হরমোনজনিত মাথাব্যথা, ব্রেন টিউমার, মগজের ভেতর রক্তপাত, উচ্চ রক্তচাপ ইত্যাদি কারণে মাথাব্যথা হয়ে থাকে।

**মাইগ্রেন** ঃ শতকরা ১০-১৫ ভাগ লোক এই ধরনের মাথাব্যথায় আক্রান্ত হয়। মাইগ্রেন মেয়েদের বেশি হয়। সাধারণত ১৫-১৬ বছর বয়স থেকে মাইগ্রেনের লক্ষণ দেখা দেয় এবং বেশির ভাগ ক্ষেত্রে তা ৪০-৫০ বছর পর্যন্ত স্থায়ী হয়। মাইগ্রেনের আক্রমণের সময় মগজের রাসায়নিক বাহক সেরোটোনিনের মাত্রা বেড়ে যায় এবং মাথা বাইরের ধমনিগুলো প্রসারিত হয়।

| লক্ষণগুলো                                                                                                                                                                                                                                                                                        |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| -মাথাব্যথা সাধারণত মাথার একদিকে হয়। তবে ব্যথা সমস্ত মাথায় ছড়িয়ে পড়তে পারে।                                                                                                                                                                                                                  |
| -মাথাব্যথার সঙ্গে বমি বমি ভাব হয়, এমনকি বমিও হতে পারে।                                                                                                                                                                                                                                          |
| -রোগী তখন আলো সহ্য করতে পারে না।                                                                                                                                                                                                                                                                 |
| -এই ধরনের মাথাব্যথা কয়েক ঘণ্টাব্যাপী চলতে পারে কিন্তু দিনব্যাপী খুব কম হয়।                                                                                                                                                                                                                     |
| -মাইগ্রেনে রোজ, সপ্তাহ কিংবা মাসব্যাপী হতে পারে।                                                                                                                                                                                                                                                 |
| -দৃশ্চিন্তা, মদ্যপানে মাথাব্যথা বেশি হয়। পনির, চকলেট ইত্যাদি খাবারও মাথাব্যথা বেশি হয়। ঘুমালে মাথাব্যথা কমে যায়।                                                                                                                                                                              |
| -মাইগ্রেনেরে বংশগত ইতিহাস থাকতে পারে।                                                                                                                                                                                                                                                            |
| -সাধারণত কোনো স্নায়বিক উপসর্গ থাকে না।                                                                                                                                                                                                                                                          |
| -হার্টের অলিঙ্গ ক্ষুদ্র ছিদ্র থাকার কারণে মাথাব্যথা হতে পারে, তবে এ ক্ষেত্রে রোগী কোনো ধরনের হার্টের সমস্যা অনুভব নাও করতে পারেন।                                                                                                                                                                |
| <b>চিকিৎসা</b> ঃ যেসব কারণে মাইগ্রেনের আক্রমণ বৃদ্ধি পায়, তা পরিহার করতে হবে। স্বল্পস্থায়ী চিকিৎসা হিসেবে প্যারাসিটামল, এরগোটামিন, পিজোটিফেন, প্রপ্রানালোল, এমিট্রিপটাইলিন ব্যবহার করা যেতে পারে। হার্টে ছিদ্র আছে কি-না তার জন্য ইকো কালার ডপলার পরীক্ষা করে হার্টের চিকিৎসার দরকার হতে পারে। |
| <b>ক্লাস্টার</b> ঃ ক্লাস্টার মাইগ্রেনের চেয়ে কম হয়। এই ধরনের মাথাব্যথা মধ্যবয়স্ক পুরুষদের বেশি হয়ে থাকে। কিন্তু মাইগ্রেন নারীদের বেশি হয়।                                                                                                                                                   |
| লক্ষণগুলো                                                                                                                                                                                                                                                                                        |
| -তীব্র যন্ত্রণাদায়ক মাথাব্যথা।                                                                                                                                                                                                                                                                  |

# হাঁপানি হলো শ্বাসনালির এক ধরনের অ্যালার্জির প্রতিক্রিয়া

**দুরন্ত বার্তা** ঃ অ্যাজমা বা হাঁপানি হলো ইমিউনজনিত শ্বাসনালির এক ধরনের অ্যালার্জির প্রতিক্রিয়া। বংশানুক্রমিকভাবে এই রোগে আক্রান্ত সন্তান, যাদের শ্বাসনালি খুবই সেনসিটিভ, বিভিন্ন উত্তেজক বস্তু বা অ্যান্টিজেনের সংস্পর্শে এসে উত্তেজিত হয়ে ফুলে ওঠে। এর ফলে তাদের শ্বাসনালির মধ্যে কক্ষের নিঃসরণ বেড়ে যায় এবং শ্বাসনালি সংকুচিত হয়ে পড়ে। এই অবস্থায় শুরু হয় লাগাতার কাশি, শ্বাসকষ্ট, বৃকে ব্যথা ইত্যাদি। **রোগের কারণ** ঃ হাঁপানি কোনো সংক্রমক ব্যাধি নয়। শীতেরে এইসময়টি ছাড়াও বাড়ির আশপাশে যদি কোনো পরিবেশ দূষণকারী কলকারখানা থাকে অথবা অতিরিক্ত ধোঁয়া, ধুলো, ফুলের রেণু ইত্যাদি থাকে, তবে আপনার সন্তানের হাঁপানি হতে পারে। শীতের সময় কুয়াশা, স্মোয়টার, লেপ-কন্ডলের মাইট বা কাপড়ের মাঝে থাকা ক্ষুদ্রাতিক্ষুদ্র পোকা হাঁপানির অন্যতম কারণ।

**রোগের লক্ষণ** ঃ হাঁপানি দেখা দিলে শ্বাস-প্রশ্বাসের সময় শোঁ শোঁ শব্দ, আর একটি বড় শিশুদের বৃকে চাপ, শ্বাসকষ্ট, বৃকে ব্যথা ইত্যাদি হয়ে থাকে। এ ছাড়াও অল্প কাজেই পরিশ্রান্ত হওয়া বা হাঁপিয়ে ওঠা, আর একটানা ঘুম না হওয়া, অল্প খেলাধুলায় হাঁপিয়ে যাওয়া-এসব হাঁপানি রোগের অন্যতম লক্ষণ।

হাঁপানির চিকিৎসা ঃ হাঁপানি রোগের স্থায়ী কোনো প্রতিকার নেই। এমন কোনো ওষুধ নেই, যা হাঁপানি রোগকে গোড়া থেকে নির্মূল করে দেয়। এই রোগের আদর্শ চিকিৎসা হলো নেবুলাইজার বা ইনহেলারের মাধ্যমে ব্রকোডাইলের জাতীয় ওষুধের মাধ্যমে শ্বাসকষ্টের উপশম করা। মুখে খাওয়ার থিওফাইলিন বা সালবিউটামল জাতীয় ওষুধে পার্শ্বপ্রতিক্রিয়া অনেক বেশি। যেহেতু ইনহেল করা ওষুধ সরাসরি ফুসফুসে পৌঁছায়, তাই এক্ষেত্রে রোগীর (ওষুধের) খুব সামান্য অংশের প্রয়োজন হয় এবং তা তাড়াতাড়ি কাজ করে। অনেকে অজ্ঞাতবশত ইনহেলারকে শেষ এবং ক্ষতিকর চিকিৎসা মনে করে থাকেন, যা একেবারে অমূলক। চিকিৎসকরা সাধারণত দু’ধরনের ওষুধ ব্যবহার করে থাকেন। প্রথমদিককার হাঁপানিভার (সালবিউটামল) এবং প্রিভেন্টার বা প্রতিরোধক। প্রিভেন্টার হলো স্টেরয়েড, যার কাজ হলো শ্বাসনালির সংবেদনশীলতাকে ধীরে ধীরে কমিয়ে আনা। তাই এই ধরনের ওষুধগুলো নিয়মিত নিতে হয়। আর যদি কোনো অ্যান্টিজেন বা অ্যালার্জেন শ্বাসনালিকে উত্তেজিত করে, কাশি শুরু হয় বা নিঃশ্বাসের কষ্ট হয় তবেই রিলিভার জাতীয় ওষুধগুলো নিতে হবে। অর্থাৎ প্রয়োজনে এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী




(রিলিভারপ্রিভেটর) দুটোর মাধ্যমেই চিকিৎসা চালিয়ে নিতে হবে। প্রিভেটর বা প্রতিরোধক প্রথমে দিনে দু’বার করে শুরু করার পর যদি মূল্যতম ছয় মাস যদি রোগী রোগমুক্ত থাকে, তবে চিকিৎসক এই ওষুধের ডোজ কমিয়ে আনেন। আর এই কম ডোজ যদি একবার করে দিয়েই রোগী দিবা ভালে থাকে তবে তা ধীরে ধীরে বন্ধ করে দেওয়া হয়। হাঁপানির সমস্যা মেন কম হয় এজন্য মস্টিল্‌কাস্ট জাতীয় ওষুধ সেবনের পরামর্শ চিকিৎসকরা দিয়ে থাকেন।

**শিশুর হাঁপানি** ঃ হাঁপানি ঘন ঘন দেখা দিলে শিশুর শরীর পরিমিত অক্সিজেন পায় না। আর

মাধ্যমে একত্রে ফেলে দেওয়া ভালো, যাতে পরবর্তী সময়ে জটিলতা এড়ানো যায়। একে বলে অ্যাডিনোটনসিলেকটমি।
**কবলেশ্যন** ঃ প্রচলিত পদ্ধতিতে অপারেশন না করিয়ে ইদানীং ‘কবলেশ্যন মেথড’ বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এটা রক্তপাতহীন সর্বাধুনিক পদ্ধতির অপারেশন। এতে কাটা ঘা দ্রুত শুকায়, ব্যথা কম থাকেই ইত্যাদি।
**ওষুধের মাধ্যমে** ঃ অ্যাডিনয়েড যদি অল্প পরিমাণে বড় হয়, তাহলে ওষুধের মাধ্যমে চিকিৎসা করা যায়। আবার অপারেশন করতে কেউ অনিচ্ছুক হলে সে ক্ষেত্রে কিছু বিকল্প চিকিৎসা যেমন-নাকের স্টেরয়েড ড্রপস, লো ডোজ অ্যান্টিবায়োটিক এবং অ্যান্টিহিস্টামিন ইত্যাদি ওষুধ দেওয়া হয়ে থাকে। তবে অ্যাডিনয়েডের সঙ্গে টনসিলাইটিস থাকলে অপারেশন করাটাই যুক্তিযুক্ত।

**প্রতিরোধে করণীয়**
-ফ্রিজের জল বা অতিরিক্ত ঠাণ্ডা জল পান না করা।
-অহিসক্রিমজাতীয় খাবার বন্ধ করা।
-বিছানার মাথার দিক কিছুটা উঁচু রাখা।
-চিত না হয়ে বরং এক কাত হয়ে শোয়ার অভ্যাস করা।
-স্ব্বর, গলা ব্যথা, অ্যালার্জি থাকলে চিকিৎসা করা।
-মেঝেতে না শোয়া বা ঠাণ্ডা না লাগানো।
-নাকের দেওয়াল বাঁকা থাকলে সঠিক চিকিৎসা করা।
-পর্যাপ্ত জল পান, সুয়ম ও পুষ্টিকর খাদ্য গ্রহণ করা।
-স্থূলকায় হলে ওজন কমানোর চেষ্টা করা।
-থিঞ্জি পরিবেশ এড়িয়ে চলা বা অনেক শিশু একসঙ্গে বসবাস না করা।



### প্রশ্নোত্তর

পাঁচদকের স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উত্তর দিচ্ছেন বিশেষজ্ঞ চিকিৎসকরা। আপনারাও প্রশ্ন পাঠান। আমাদের চিকিৎসকরা সেই সমস্ত প্রশ্নের উত্তর দিচ্ছেন।

প্রশ্ন ঃ গর্ভধারণের সময় শারীরিক মিলনে কোনরকম ঝুঁকি আছে?
উত্তর ঃ বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পর সব দম্পতীর চাওয়া থাকে সন্তান। একজন মা গর্ভাবস্থায় সব ধরনের সতর্কতা অবলম্বন করে থাকে। সন্তানকে পৃথিবীর আলো দেখাতে তিনি সব সুখ বিসর্জন দিয়ে থাকেন। গর্ভাবস্থায় শারীরিক সম্পর্ক নিয়ে অনেক দম্পতি বুঝতে পারে না যে তারা কী করবেন। আর এই নিয়ে অনেক ডুল ধারণা রয়েছে তাদের মধ্যে। গর্ভাবস্থায় সমাজে ভ্রান্ত ধারণা রয়েছে। অনেক দম্পতি মনে করেন এ সময় শারীরিক সম্পর্কে জড়ানো উচিত নয়। এই ধারণা মোটেও সঠিক নয়। অনেকেই ধারণা গর্ভাবস্থার শারীরিক সম্পর্কের ফলে জ্বগ (বাচ্চার) ক্ষতি হয়। এটি সম্পূর্ণ ভুল। গর্ভাবস্থায় ওয়েজাইনা স্ট্রেসের ফলে একটি বৃদ্ধি পায়, এর ফলে গর্ভাশয়ের বাইরের দিকে মিউকাসের একটা বড়ী স্তর জমে যায়। তাই এই সময় বাচ্চা সুরক্ষিত থাকে। এই সময় পেটে ব্যথা অনুভূত হতে পারে। এর মানে এই নয় যে প্রসব বোনা। তাই ব্যথা হতেই পারে। তবে এর সঠিক কারণ চিহ্নিত করনা। এছাড়া এ বিষয়ে ডাক্তারের পরামর্শ নিতে পারেন। গর্ভাবস্থায় খুবই প্রসবকাতর থাকে, মিলনের পরে সামান্য রক্ত আসতে পারে। তবে অতিরিক্ত রক্তক্ষরণ হলে ডাক্তারের সঙ্গে যোগাযোগ করুন। গর্ভাবস্থায় শারীরিক সম্পর্ক হলে ইনফেকশন হতে পারে এটি ঠিক নয়। সঙ্গীর কোনোরকম যৌনরোগ না থাকলে ইনফেকশন হওয়ার সম্ভাবনা নেই। তবে পরিস্কার-পরিচ্ছন্ন থাকতে চেষ্টা করুন। গর্ভাবস্থায় প্রথম তিন মাস শারীরিক সম্পর্ক থেকে বিরত থাকার পরামর্শ দেন চিকিৎসকরা। কেননা এটি মা ও গর্ভের সন্তান উভয়ের জন্য ক্ষতি। তবে ৩-৬ মাসে শরীরে অক্সিটিক (প্রেমজ হরমোন) বৃদ্ধি পেতে শুরু করে। শারীরিক সম্পর্কের সময় স্ত্রীর তলপেটে কোনো চাপ না পড়ে সে বিষয়ে সতর্ক থাকুন। এছাড়া গর্ভকালীন সন্তান স্ত্রী যদি সুস্থ ও স্বাভাবিক থাকে তবে শারীরিক সম্পর্কে সমস্যা নেই। তবে এক্ষেত্রে অবশ্যই ডাক্তারের পরামর্শ নিয়ে সাবধানতা অবলম্বন করতে হবে।

প্রশ্ন ঃ আমার বয়স ৩৫ বছর। উচ্চতা ৫ ফুট ১ ইঞ্চি। ওজন ৪৫ কেজি। আমার সমস্যা হলো, কোনো ভারি কাজ যেমন-কাপড় কাটা, ঘর মোছা, ভারি রান্নার সময় বেশি নাড়াচাড়া করতে পারি না। এমনকি বাচ্চাদের ডায়েরি লিগেলেও ডান হাতেরে কবজিতে খুব ব্যথা করে। দিন দিন ব্যথার পরিমাণ বেড়ে যায়। দিন দিন ব্যথাটা আরো তীব্র হচ্ছে। কী করলে এই অসহ্য ব্যথা থেকে পরিত্রাণ পাব?
উত্তর ঃ আপনার এই বর্ণনা শুনে রোগ সম্পর্কে ধারণা করা একটু কঠিন। আপনি এক্স-রে করে একজন অর্থোপেডিক বিশেষজ্ঞের সঙ্গে যোগাযোগ করুন। পাশাপাশি কুসুম গরম জলে ডান হাতেরে কবজি ডুবিয়ে ১০-১৫ মিনিট রেখে নাড়াচাড়া করুন। আর যে কাজগুলো করলে ব্যথা বেড়ে যায়, সেগুলো করবেন না।

প্রশ্ন ঃ আমার মুখে, বৃকে ও পিঠে অনেক ব্রণ। চিকিৎসা করার পরও সুফল পাচ্ছি না। ব্রণ কী ভালো হয়?

উত্তর ঃ আপনার দেহে সম্ভবত এন্ড্রোজেন হরমোন অনেক বেড়ে গেছে। অত্যধুনিক কসমেটিকস সার্জারি, রেডিও সার্জারির মাধ্যমে ব্রণ সফলভাবে চিকিৎসা করা সম্ভব। এর কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নেই।

প্রশ্ন ঃ দীর্ঘদিন থেকে আমার বাঁ পায়ের বাঁদে মাঝেমাঝে ব্যথাহয়েছে। চিকিৎসা নিয়েও ভালো হচ্ছে না।

উত্তর ঃ বর্তমানে আধুনিক বৈজ্ঞানিক চিকিৎসায় এক সেশনে পায়ের অ্যাকজিমা ভালো করা সম্ভব। এটা নিয়ে ভয় পাওয়ার কিছু নেই।

### পুলিশের ম্যারাথন

দুরন্ত বার্তা, মালদা, ৫ ফেব্রুয়ারি : ঐতিহাসিক গৌড়ের নিদর্শন সংরক্ষণ এবং জেলার আমের উন্নতির লক্ষ্যে মালদা জেলা পুলিশের উদ্যোগে অনুষ্ঠিত হলো ম্যারাথন দৌড়। প্রতিযোগীদের উৎসাহিত করতে রবিবার সকাল থেকে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। মালদা জেলার ইংরেজবাজার থানার অন্তর্গত গৌড়ের লুকেচুরি এলাকায় তৈরি হয় অনুষ্ঠান মঞ্চ। জেলা ও বিভিন্ন রাজ্যের প্রতিনিধিরা অংশগ্রহণ করে ঐতিহাসিক ম্যারাথন দৌড়ে। উপস্থিত ছিলেন, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর ও সেচ দপ্তরের প্রতিন্মন্ত্রী সার্বিনা ইয়াসমিন, মালদা রেঞ্জের ডিআইজি অনুপ জয়সংওয়াল, মালদা জেলাশাসক নীতিন সিংহানিয়া, পুলিশ সুপার প্রদীপ কুমার দাশব, প্রাক্তন ফুটবলার মেহতাব হোসেন, বাংলা সিনেমা জগতের প্রখ্যাত অভিনেতা আবির চট্টোপাধ্যায়, বিধায়ক আব্দুর রহিম বজ্র সহ অন্যান্য আধিকারিক ও দৌড়বিদরা। এদিন সকাল আটটা নাগাদ শুরু হয় ম্যারাথন দৌড়। প্রথমে আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় ২১ কিলোমিটার ম্যারাথন দৌড়ের। এরপর দুটি পর্যায়ে বঙ্গ কিলোমিটার ম্যারাথন দৌড়ের সূচনা করা হয়। শেষে সর্বসাধারণের জন্য পাঁচ কিলোমিটার ম্যারাথন দৌড়ের সূচনা করা হয়। মশাল হাতে দৌড়ান আবির চট্টোপাধ্যায় সহ অন্যান্য আধিকারিক ও জনপ্রতিনিধিরা। গৌড়ের বিভিন্ন নিদর্শনের পাশ দিয়ে হাজার হাজার যুবক-যুবতী ও বয়স্করা দৌড়ান। এইবাহারে নিদর্শন এবং জেলার আমের উন্নতির লক্ষ্যে জেলা পুলিশের উদ্যোগে এই প্রথম ঐতিহাসিক ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয়। তিনটি বিভাগে প্রথম দ্বিতীয় ও তৃতীয় অংশগ্রহণকারীদের আর্থিক পুরস্কার তুলে দেওয়া হয় জেলা পুলিশের পক্ষ থেকে।

### মানবিক বিএসএফ

দুরন্ত বার্তা, মালদা, ৫ ফেব্রুয়ারি : ভারত-বাংলাদেশ সীমান্তে ভারতীয়দের সাহায্য করতে সদা প্রস্তুত বিএসএফ জওয়ানরা। এবার প্রসব বেদনায় কাত্তে মহিলাকে সমন্বিতো হাসপাতালে নিয়ে গেল বিএসএফ। রবিবার বিএসএফের দেওয়া তথ্য অনুযায়ী, এই ঘটনাটি দক্ষিণবঙ্গ সীমান্তের অধীনে মালদার এমএস পূর গ্রামের। শনিবার রাতে অনিতা মন্ডল (২২) নামে এক গর্ভবতী মহিলার হঠাৎ প্রসব দেদনা শুরু হয়। ওই মহিলার পরিবারের সদস্যরা সীমান্ত কাঁড়ির হেপসিদপুর কোম্পানি কমান্ডারের কাছে সাহায্য চান। দেরি না করে কোম্পানি কমান্ডার নার্সিং অ্যাসিস্ট্যান্টসহ একটি বিএসএফ অ্যান্‌বুলেন্স পাটিয়ে দেন অনিতা মণ্ডলের বাড়িতে। সেখান থেকে ওই মহিলাকে চিকিৎসার জন্য মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে আশঙ্কামুক্ত রয়েছেন ওই মহিলা।

| Name Change                                                                                                                                                                                                                                                                                   |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| I,Jayshree Sen (old name)D/O Late Jitendra Nath Sengupta Presently residing at P-239 LAKE ROAD,FLAT NO-2R,PO-SARAT BOSE ROAD, RABINDRA SAROBAR, Kolkata-700029 , West Bengal INDIA I have changed my name to  Jayshenceforth be known as ) Jayashree Sen (new name ) vide an affidavit sworn. |

| Name Change                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| I, Azizul Islam (Old Name) S/o Jakir Mondal residing at VIII-Britthituda Nawda Para, Po-Talukhuda, PS-Chapra,Nadia-741123 WEST BENGAL, INDIA I have changed my name(Shall henceforth be known as) Azizul Islam Mondal (New Name) vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 03/02/2023.Azizul Islam and Azizul Islam Mondal both are same and one identical person. |

| Name Change                                                                                                                                                                                                                                                                                                                 |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| I,Sk Samin (Old Name) S/o Sk Mantaj Ali residing at Dankuni, west bengal, Hooghly-712310 WB India, I have changed my name(Shall henceforth be known as)Sk Samin Ali (New Name), vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 03/02/2023.Sk Samin and Sk Samin Ali both are same and one identical person. |

| Name Change                                                                                                                                                                                                                                                                                                                                                                                      |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| I,Sephali Acharyya (Old Name) D/o Khagendra Nath Acharyya residing at s 184/2, M H DUTTA ROAD, PS- NEW BARRACKPORE, Barrackpore, 700131, WEST BENGAL, INDIA I have changed my name(Shall henceforth be known as) SEFALI ACHARYA (New Name) vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 03/02/2023.Sephali Acharyya and SEFALI ACHARYA both are same and one identical person. |

| Name Change                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                            |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| I, Gautamj Singh (Instead of Goutam Kumar Singh (Old Name) S/o Ranjit Kumar Singha residing at ward -0013, Parbatipur,712310(WB),Purba Medinipur,Pin-723200 M.M. India, I have changed my name(Shall henceforth be known as) Goutam Singha(New Name), vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 03/02/2023. Goutamj Singha on 03/02/2023. Goutamj Singha instead of Goutam Kumar Singha and Goutam Singha both are same and one identical person. |

# চিলারায়ের জন্মজয়ন্তী অনুষ্ঠানের মঞ্চে আবার রাজ্য ভাগের উস্কানি

শিল্পী দত্ত, কোচবিহার, ৫ ফেব্রুয়ারি : ৫ বারংবার উত্তরবঙ্গ আলাদা রাজ্য, কখনও বা কেন্দ্রশাসিত অঞ্চলের দাবি জানিয়ে এসেছে রাজনৈতিক দলের নেতৃত্ব থেকে শুরু করে বিভিন্ন সম্প্রদায়ের মানুষেরা। এর আগে কোচবিহার সহ উত্তরবঙ্গের বিভিন্ন বিজেপি বিধায়করা আলাদা রাজ্যের দাবিতে সরব হয়েছিলেন, পাশাপাশি জিসিপিএ সুপ্রিমো অনন্ত মহারাজ খুব দ্রুত কেন্দ্রশাসিত অঞ্চল হতে চলেছে বলে দাবি করেন। এমতাবস্থায় শাসক ও শাসক বিরোধী তরজা বারংবার প্রকাশ্যে আসে। চিলারায়ের ৫১৩তম জন্মজয়ন্তী উপলক্ষে দ্য গ্রেটার কোচবিহার পিপল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে কোচবিহার দু'নম্বর ব্লকের সিক্রেসুরী এলাকায় দুদিনের অনুষ্ঠানে শাসকদলের কার্যের দেখা মেলেনি। গতকাল এই অনুষ্ঠানে যোগদান করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিন্মন্ত্রী নীশীথ প্রামানিক। রবিবার এই অনুষ্ঠানে জিসিপিএ সুপ্রিমো অনন্ত মহারাজের পাশে দেখতে পাওয়া গেল কার্শিয়াংয়ের বিজেপি বিধায়ক বিশ্বপ্রসাদ শর্মাকে। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, আমাদের এই এলাকার ইতিহাস মেশানোর চেষ্টা করা হচ্ছে। ইতিহাসকে বাঁচানো বা রক্ষা করার দায়িত্ব আমাদের সবার। এরপর তিনি বলেন, আমাদের এখানে যত এখানে কর্মিউনিট রয়েছে আমরা সবাই যদি এক্যবদ্ধ থাকি তাহলে আমরা আমাদের লক্ষ্য পাবো। কি লক্ষ্য, সে প্রসঙ্গে তিনি সরাসরি বলেন, রাজ্য ভাগ। বিধানসভাতে বসেছি, বিধানসভার বাইরেও বসেছি। সরাসরি রাজ্যভাগ চাই। যদি এই প্রসঙ্গে জিসিপিএ সুপ্রিমো বলেন আমরা তো বাংলা ভাগ চাইনি। আমরা তো বাংলার সাথে নিয়ে আমরা তো আলাদা। তিনি বলেন, আমরা রাজ্যকে রিকর্শ করতে চাইছি এবং কেন্দ্রের সাথে কথা হয়েছে এখন শুধু সময়ের অপেক্ষা। যদি ওই সমস্ত বিষয়কে চাক্ষিক করে তৃণমূল কংগ্রেস নেতা পার্থপ্রতিম রায় বলেন, যে বিধায়করা বলছেন তারা গুরুত্বহীন। সেই বিধায়করা কেন্দ্র বা রাজ্য নেতৃত্বের সামনে মুখ খুলতে পারে না। এখানে স্থানীয়ভাবে এসে একটি প্রচারের চেষ্টা, হাততালি পাওয়ায় চেষ্টা। মঞ্চে শাসকদলের কেউ নেই প্রসঙ্গে বলেন, এর আগে মমতা বন্দ্যোপাধ্যায় এসেছিলেন। তিনি বীর চিলারায় বা পঞ্চদান বর্মাকে প্রশ্না করেন। তবে তৃণমূল কংগ্রেসের স্থান একদম স্পষ্ট, কোনোভাবেই রাজ্য ভাগ নয় এবং যারা এই রাজ্য ভাগে মদত দেয় তৃণমূল কংগ্রেস কখনোই তাদের সাথে নয়। মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্য ভাগের বিরুদ্ধে সবাইকে একসাথে নিয়ে চলার বার্তা

### বাইক চুরিতে খত

দুরন্ত বার্তা, আসানসোল, ৫ ফেব্রুয়ারি : ধৃতদের দাবি চোরাই মোটরসাইকেল নিয়ে বাজার করতে এসেই ফেঁসে গেছি। আমরা চুরি করিনি বাইক। রবিবার আসানসোল জেলা আদালতে হাজির হওয়ার আগেই এমনই দাবি করলো মোটরসাইকেল চুরির অভিযোগে ধৃত দু'জন। আসানসোলে দুর্গাপুর পুলিশ কমিশনারেটের রানিগঞ্জ থানার নিমচা ফাঁড়ির পুলিশ চুরির তিন মাসের মধ্যে চোরাই মোটরসাইকেল উদ্ধার করার পাশাপাশি এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার সন্দেহে এই দু'জনকে গ্রেফতার করেছে। এই ঘটনা প্রসঙ্গে জানা গেছে, রানিগঞ্জে নিমচা ফাঁড়ি এলাকার রিটাই ৫৪ ইউনিট এলাকায় তিন মাস এক খনি কমীর মোটরসাইকেল চুরি যায়। পরে মোটরসাইকেল মালিক এই চুরির বিষয়ে নিমচা ফাঁড়িতে অভিযোগ দায়ের করেন। তার ভিত্তিতে পুলিশ এই মোটরসাইকেলের খোঁজে তল্লাশি ও তদন্ত শুরু করে। এরপরই পুলিশ বিভিন্ন তথ্য সংগ্রহ করে। তারপর এই মোটরসাইকেল চুরির সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পাণ্ডুবেশ্বর থানার ডিভিসি এলাকা থেকে রূপালী রুইদাস ও স্বরূপ রুইদাস নামে দুই যুবককে গ্রেফতার করে। গত ২৯ জানুয়ারি শ্রেফতারের পর তাদের আসানসোল জেলা আদালতে হাজির করিয়ে পুলিশ হেফাজতে নেয়। এরপর পুলিশ ধৃতদের নিজেদের হেফাজতে নিয়ে, জেরা করে। তাদের কথা মতো তল্লাশি চালিয়ে পাণ্ডুবেশ্বরের ডিভিসি এলাকা থেকে চুরি যাওয়া মোটরসাইকেলটি উদ্ধার করতে সক্ষম হয় পুলিশ। রবিবার পুলিশ ধৃতদের আবারও আদালতে হাজির করায়। যদিও মোটরসাইকেল চুরির ঘটনায় অভিযুক্তরা নিজেদের নির্দোষ বলে দাবি করছে। ধৃত রূপালীর দাবি, তারা জানতই না যে চোরাই মোটরসাইকেল নিয়ে তারা যোরাকেরা করছিল। রানিগঞ্জ থানার পুলিশ তার সমস্ত দাবি নস্যাৎ করে বলেছে, চুরি যাওয়া মোটরসাইকেল সম্পর্কে তাদের কাছে তথ্য ছিল। তার ভিত্তিতেই এই চোরাই মোটরসাইকেলের খোঁজ পাওয়া গেছে। এর পাশাপাশি পুলিশ এই চুরির পেছনে এই যুবকদেরই হাত রয়েছে বলে বেশ কিছু তথ্য পেয়েছে। ধৃতদের সঙ্গে আর কারা জড়িত রয়েছে তা খতিয়ে দেখা হচ্ছে।

## নাকা চেকিংয়ে উদ্ধার হল চুরির বাইক

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৫ ফেব্রুয়ারি : চারঘের জমির পাশেই মোটরবাইক রেখে জমিতে কাজ করতে গিয়ে ফিরে এসে দেখেন মোটর বাইক উধাও। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য জলপাইগুড়ি গরালবাড়ি শোবারহাট এলাকায়। এদিকে জলপাইগুড়ি শহরে কন্নতলা মোড়, বেগুনটানি মোড়, বড়পোস্ট অফিস মোড়, রায়কতপাড়া মোড়, দিনবাজার ট্রফিক মোড়, নেতাজি পাড়া মোড় সহ বিভিন্ন ট্রাফিক পোস্টে ইতিমধ্যেই নাকা চেকিংয়ে জলপাইগুড়ি সদর ট্রাফিক পুলিশের কর্মীরা। হঠাৎই চেকিং চলাকালীন বেগুনটানির মোড়ের পোস্টে কর্তব্যরত পুলিশকর্মীকে লক্ষ করেন এক যুবককে পুলিশ দেখে মোটর বাইক রেখে পালিয়ে যেতো। সাথে সাথে তারা মোটর বাইকটি উদ্ধার করে। এদিকে সাথে পুলিশ পালিয়ে যাওয়া যুবকটির পিছু কলেও সেই যুবক পালিয়ে যেতে সক্ষম হয়। পরে ট্রাফিক অফিস মোটর



দিয়েছেন। ফলে আরও একবার চিলারায়ের জন্মজয়ন্তী অনুষ্ঠান থেকে বক্তব্য, পাশ্চাৎ বক্তব্যে পারদ চড়তে শুরু করেছে রাজনৈতিক মহলে। উল্লেখ্য, এর আগে গত বছর মার্চ মাসে বিধানসভায় বাজেট বিতর্কের সময় বিজেপি বিধায়ক বিশ্বপ্রসাদ শর্মা বলেছিলেন, উত্তরবঙ্গের মানুষের দুর্ভোগ বেশি। তাই উত্তরবঙ্গকে বাংলা থেকে পৃথক করতে হবে। এর আগে বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডাকে চিঠি লিখে বিশ্বপ্রসাদ শর্মা পৃথক গোখাঁল্যাব্দের দাবি করেছিলেন। তিনি বলেছিলেন, যে কোনও মূল্যে পশ্চিমবঙ্গ থেকে দার্জিলিংকে আলাদা করতে হবে। সেটা আলাদা রাজ্য হতে পারে অথবা কেন্দ্রশাসিত অঞ্চলও হতে পারে। প্রসঙ্গত একাধিকবার বঙ্গভঙ্গের দাবিতে সরব হয়েছেন বিজেপির নেতা-মন্ত্রীরা। কখনও জঙ্গলমহলকে পৃথক রাজ্য ঘোষণার দাবি, তো কখনও উত্তরবঙ্গকে আলাদা রাজ্য ঘোষণার দাবি জানিয়েছেন বিজেপির সাংসদ বিধায়করা। কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পরে অলিপুরদুয়ারের বিজেপি সাংসদ জন বার্লা উত্তরবঙ্গের জন্য আলাদা রাজ্যের দাবি তুলেছিলেন। উত্তরবঙ্গকে আলাদা রাজ্য করার দাবি তুলেছিলেন কেন্দ্রীয় মন্ত্রী নীশীথ প্রামাণিকও। এরপর একাধিক বিজেপি বিধায়ক সেই দাবিতে নিজেদের নাম জুড়ে ছিলেন।

## ফুল মেলায় জনজোয়ার জলপাইগুড়িতে

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৫ ফেব্রুয়ারি : ফুল কার না ভাল লাগে। রং-বেরঙের বিভিন্ন ফুলের সম্ভার নিয়ে ফুল মেলা শুরু জলপাইগুড়িতে। মেলা চলবে চারদিন ধরে। মেলায় উদ্বোধন হল জাকজমকভাবেই। শীতের আমেজ লুটেপুটে নিচ্ছেন জলপাইগুড়িবাসী। প্রথম দিনেই ফুল মেলায় বিভিন্ন ফুল দেখতে মেলায় ফুলেমৌ মানুষের ভিড় উপচে পড়েছে। শীতের শেষ দিকে নানা ধরনের ফুল নিয়ে জলপাইগুড়িতে শহরের মধ্যে বসেছে নানান ধরনের ফুল মেলা। গাছের চারা নিয়ে এসেছে এই মেলায়। এই ফুল মেলায় উদ্বোধন করলেন শিলিগুড়ি ও জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের যোয়ারদ্যান সৌরভ চক্রবর্তী। জলপাইগুড়ি শহরে মাত্রাস ময়দানে এই মেলা অনুষ্ঠিত হয়। এই মেলায় আয়োজন করেছে



দুরন্ত বার্তা, রামপুরহাট, ৫ ফেব্রুয়ারি : নৃত্য, সঙ্গীত ও সামাজিক দায়িত্ববোধের সঞ্জীবনী যার হাতে তার অপর নাম গান্ধবী সোসাইটি। প্রতিবছরের মতো গান্ধবীর নিজস্ব মঞ্চ থেকে এবারও একুশ-বাইশ সালের কৃতী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ছাত্র-ছাত্রীদের হাতে তুলে দেওয়া হয় নিতারণন স্মৃতি স্মারক সন্মাননা। তবে এবার উপরি পাওনা ছিল শিক্ষক নিতারণন মণ্ডলের দৌহিহা বিজ্ঞানী ড. নন্দন কুমার মণ্ডলের সমুজ্জল উপস্থিতি। যিনি সুদূর আমেরিকা থেকে ছুটে এসেছিলেন এই অনুষ্ঠানে। অশ্বশাই রামপুরহাটের মাটির টানে। গান্ধবী সোসাইটির উপদেষ্টা কমিটির প্রধান মলয় মজুমদার, রাত্তিপুত্র পুরস্কার প্রাপ্ত শিক্ষক নিখিল কুমার সিনহা, জীবনধন বন্দ্যোপাধ্যায়, প্রবীণ আইনজীবী অশোক বন্দ্যোপাধ্যায় সহ ভিন্ন ভিন্ন ক্ষেত্রে রামপুরহাট শহরের একাধিক দিকপাল উপস্থিত ছিলেন। গুণমুগ্ধ দর্শকের উপস্থিতিতে সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান কার্যত এক আনন্দপূর্ণকে পরিণত হয়। সঙ্গীত সহ সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন গান্ধবীর কর্ণধার চৈতি মজুমদার। সোপানমুদ্রা দে-র সূচার সঞ্চালনা মনোহরণ করে দর্শকদের। গান্ধবীর কলাকুশলীদের কণ্ঠে কখনও রবীন্দ্রসঙ্গীত মৌরা সত্যোর পরে মন আজি করিব সর্মপণ করণও মৌরা বঙ্গার মাত নজরুল গীতি আবার কখনও নৃত্যের মুদ্রায় ‘শীতের হাওয়ার লাগলো নাচন’, ‘নাচে নটরাজ’, ‘গনেঙ্গ বন্দনা’র অভিনব ঘরোয়া পরিবেশে এক বুকভরা প্রাণবাযু নিয়ে ঘরে ফেরেন রামপুরহাটবাসী।



বাইকটিকে নিয়ে যাওয়া হলে ওসি ট্রাফিক বাগ্না সাহার চেষ্টায় মোটর বাইকের নম্বার প্লোটের সূত্র ধরে গাড়ির লোকসমাগে ঘটনা পাওয়া গেল গাড়ির মালিককে ডেকে উপযুক্ত প্রমাণ দেখে মোটরবাইক তুলে দেন ট্রাফিক অফিসার বাগ্না সাহা। রবিবার ট্রাফিক অফিস থেকে ফোন পেয়ে জলপাইগুড়ি সদর ট্রাফিক অফিসে

ছুটে আসেন মোটরবাইকের মালিক সহ পরিবারের লোকজন। মোটর বাইক পেয়ে খুশি প্রকাশ করেন মোটর লোকসমাগে ঘটনা পাওয়া গেল গাড়ির মালিককে ডেকে উপযুক্ত প্রমাণ দেখে মোটরবাইক তুলে দেন ট্রাফিক অফিসার বাগ্না সাহা। রবিবার ট্রাফিক অফিস থেকে ফোন পেয়ে জলপাইগুড়ি সদর ট্রাফিক অফিসে

কাছে খুব প্রিয়। যেখানেই এই ফুল মেলা হয় সেখানেই আমি চলে যাই। তেমনি আমি আজ জলপাইগুড়িতে এসে মেলায় অপরূপ সুন্দর এক ফুল মেলা। বিভিন্ন ধরনের ফুল গাছ কিনলাম এবং এই দুটো সংস্থাকে অসংখ্য ধন্যবাদ জানাই। এই ফুল মেলায় অংশগ্রহণকারী এক বিত্তো জ্ঞানান, বাড়ির ইনডোর এবং আউটডোর সৌন্দর্য্যায়ের জন্য রকমারি বিভিন্ন ফুল সহ বিভিন্ন গাছের সম্ভার নিয়ে হাজির তিনি। মেলা কর্তৃপক্ষ জানান, জলপাইগুড়ির হাটকালচার এবং লায়স ক্লাবের উদ্যোগে চারদিনব্যাপী এই মেলায় আয়োজন করা হয়েছে। এখানে প্রায় ৪৫টি রং-বেরংয়ের সুন্দর ফুল রয়েছে, বিভিন্ন ধরনের গাছ গাছালি রয়েছে এবং রয়েছে বিভিন্ন ধরনের ফুল।

### আহত চালক

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ৫ ফেব্রুয়ারি : ঝাড়গ্রামের লোখাশুলি-গড় শালবনির মাঝে লরি ও মার্কতির মুখমুখি সংঘর্ষ হয়। আহত হন মার্কতির চালক। রবিবার সকালে ঝাড়গ্রাম থেকে শালবনি যাওয়ার রাস্তায় মার্কতি ও লরির মুখোমুখি সংঘর্ষে অগ্নের জন্য বাঁচলেন মার্কতি ডানের চালক। স্থানীয় সূত্রে জানা যায়, ঝাড়গ্রাম থেকে যাচ্ছিল মার্কতি ডান এবং লোখাশুলির দিক থেকে পেপার মিলের মাল্য বোঝাই গাড়িটি আসছিলো। সেই সময় দ্রুতগতিতে ওভারটেক করতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপরে উল্টে যায় লরিতে। তার পরেই ঘটে বিপত্তি। সজোরে গিয়ে ধাক্কা মারে মার্কতিকে। অগ্নেরে জনা বদেনে মার্কতিতে থাকা ভ্রূইভার এবং প্যাসেঞ্জার স্থানীয়দের দাবি, রাস্তা সারাই হলো স্পঞ্জ আয়রন কারখানা মাল বোঝাই গাড়ির দৌরাভ্য বাডার ফলেই দুর্ঘটনার ঘটনা বেড়েই চলেছে। রাস্তায় চলতে সময়ায় পড়ছেন স্থানীয় সাধারণ মানুষ। ঘটনার ফলে বেশ কিছুক্ষণ যানজটের সৃষ্টি হয়। যার ফলে ৫ নম্বর রাজ্য সড়ক অবরুদ্ধ হয়ে যায়। ঘটনাস্থলে পৌঁছায় ঝাড়গ্রাম থানার পুলিশ। পরিস্থিতি সামাল দিয়ে ঘটনাস্থানেক পরে যান চলাচল স্বাভাবিক হয়। পুলিশ দুটি গাড়ি আটক করেছে।

### পূর্ণিমায় পূণ্যস্নান

দুরন্ত বার্তা, মর্শিদাবাদ, ৫ ফেব্রুয়ারি : মাধী পূর্ণিমা উপলক্ষে মর্শিদাবাদ জেলার ফরাক্কার গান্ধিঘাট এবং তালতলা সংলগ্ন ঘটগুলাতে শুরু হয়েছে মেলা। রবিবার সকাল থেকেই বহু পুণ্যাধী হাজির থেকে এসে উপস্থিত হন গঙ্গায় পূণ্য স্নান করতে। ঝাড়খণ্ড থেকে আসা এক পুণ্যাধী অখিলেশ কুমার বসেন, পরিবার নিয়ে এসেছি স্নান করতে। মাধী পূর্ণিমাতে গঙ্গা স্নান করলে পূণ্য মেলে তাই প্রতিবছর এখানে আসি স্নান করতে। গত দুই বছর করোনা থাকার কারণে প্রশাসনিক বিধিনিষেধে লোকের ভিড় তেমন ছিল না। এবারে পৌষ সংক্রান্তি থেকে মাধী পূর্ণিমাতেই গঙ্গার ধারে বেশি লোকসমাগে ঘটছে। এদিন গঙ্গা লাগোয়া রাধাগোবিন্দ মন্দির, শ্মশান কালী মন্দিরে পূজো, নাম সর্কর্ভিত হই। পূজো ও পূণ্যস্নানকে ঘিরে গঙ্গাঘাটে প্রশাসনের তরফে নজরদারীও ছিল চোখে পড়ার মতো।

## গিনেস বুকে নাম উঠলেও মিলছে না সাহায্য

# অর্ধাহারে-অনাহারে দিন কাটছে বংশীহারির সিদ্ধিকা পারভিনের

দুরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ৫ ফেব্রুয়ারি : এক সময় তাকে নিয়ে হুইচইয়ের সীমা ছিল না রাজজুড়ে। বছর আটকে আগেও গ্রামের রাস্তার ধূলা উড়িয়ে শাসক এবং বিরোধী দলের নেতা -নেত্রীরা সহায়তার প্রতিযোগিতার প্রতিশ্রুতি নিয়ে পৌছে গেছিল তার বাড়ি। কিন্তু এখন সে সব শুধু অতীতের ধূসর স্মৃতি মাত্র। ২০১৩ সালে পৃথিবীর একমাত্র অতিকায় মহিলা হিসেবে গিনেস বুকে স্বীকৃতি পাওয়া দক্ষিণ দিনাজপুরের বংশীহারি ব্লকের শ্রীরামপুর গ্রামের অসুস্থ সিদ্ধিকা পারভিনের অন্তরালের জীবন সগ্রামে এখন কিন্তু আর কেউ সাহিল তো নেই, এমনকি অতিকায় চলন্তিহীন প্রায় অর্ধা তরুণীটির কিভাবে দিন কাটছে তার খোঁজও রাখে না কেউ। আজ পর্যন্ত জোটেনি দিন গুজরানোর কোন সরকারি ভাতা। হয়নি আধার কার্ড। ভারতীয় অতিকায় তরুণী হিসেবে গিনেস বুকে স্থান পাওয়া সিদ্ধিকা তো বটেই, তার পরিবারও এব্যাপারে আজ ক্ষুদ্র। কোনে আছেন সিদ্ধিকা, এই সময় তার খোঁজ নিতে গিয়ে সেই ক্ষোভের আঁচ পরিবারটিকে। সিদ্ধিকা এরপর ক্রমশ অসুস্থ হয়ে পড়েন। এক সময় নেতা-মন্ত্রীর সুপারিশে দলীয় কর্মী পরিবেষ্টিত হয়ে সিদ্ধিকা চিকিৎসা করতে ট্রেনে



ও তাদের পরিবারের ছবি তুলে নিয়ে গিয়ে তাদের নিজ ভাগ্য ফেরালেও তাদের মেয়ের বা তাদের কোন হাল ফেরেনি। বরং অতিকায় মেয়েকে নিয়ে তারা অতি কষ্টে দিনযাপন করছেন। বরং অবহেলা ও অপমানের হাত থেকেও এখন নিস্তার নেই বিরল রোগে আক্রান্ত মেয়েটার। পিঁঠিহারি গ্রন্থিতে টিউমারের সমস্যায় ২৩ বছর বয়স থেকে সিদ্ধিকাকে চেহারা দীর্ঘ হতে থাকে। পাল্লা দিয়ে ব্যভূতে থাকে তাঁর খাবারের চাহিদা। রোজ প্রায় দু’কেজি চালের ভাত খাওয়ার চাহিদা মেটাতে হিমশিম খেতে হয় গরিব পরিবারটিকে। সিদ্ধিকা এরপর ক্রমশ অসুস্থ হয়ে পড়েন। এক সময় নেতা-মন্ত্রীর সুপারিশে দলীয় কর্মী পরিবেষ্টিত হয়ে সিদ্ধিকা চিকিৎসা করতে ট্রেনে

কলকাতা থেকে দিল্লি পাড়ি দিয়েছিল। তারপর দিল্লি থেকে সেই যে বাড়িতে সবাই নামিয়ে দিয়ে গেল আর খোঁজ রাখে না কেউ। এখনও সুস্থ নন। ক্ষোভে সকলের সাথে ঠিক ভাবে কথা বলাও প্রায় বন্ধ করে দিয়েছে অভিমায়ী সিদ্ধিকা, সোজা হয়ে হাটতে পারা তো দুরের কথা। এছেন ৩৩ পেরনে সিদ্ধিকাকে নিয়ে ঘের দুশ্চিন্তায় দিন কাটছে তার দিনমজুর বাবা আফাজুদ্দিন ও তার মা মানসুন্না বিবির। তাদের বক্তব্য, সরকার তাদের মেয়ের চিকিৎসার ব্যবস্থা তো করতে পারল না। এবার অন্তত একটি ভাতার ব্যবস্থা করে দিকা। যাতে ভবিষ্যতে সিদ্ধিকার অল্প হলেও নিশ্চিত সংস্থান থাকে। আর সেই দিনের পথ চেয়ে বসে রয়েছে সিদ্ধিকা ও তার পরিবার।

## তমলুকে অনুষ্ঠিত হল ঐতিহ্যবাহী মিনি ম্যারাথন

দুরন্ত বার্তা, তমলুক, ৫ ফেব্রুয়ারি : গত দু’বছর করনো কাটিয়ে ফের নতুন উদ্যমে আবারও শুরু হল তমলুকের ঐতিহ্যবাহী ২১ কিমি মিনি ম্যারাথন দৌড় প্রতিযোগিতা। পূর্ব মেদিনীপুর জেলার তমলুকের ইউথ স্পোর্টিং ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হলো ২১কিমি মিনি ম্যারাথন প্রতিযোগিতা। শুরু হয় মেহেদা কেটিপিপি মোড় থেকে তমলুক শহর ঘুরে শেষ হয় তমলুকের তমলুক ইউথ স্পোর্টিং ক্লাব সংলগ্ন শংকরআড়া বাসপূলে। এই ২১ কিমি মিনি ম্যারাথনে দুটি বিভাগ করা হয়। পুরুষ বিভাগ হয় ২১ কিমি এবং মহিলা বিভাগ হয় ১০ কিমি। মহিলা ১০ কিমি ম্যারাথন শুরু হয় ডিমারী বাস স্ট্যান্ড থেকে। এই মিনি ম্যারাথন এবছর ২৯তম বর্ষে পদার্পণ করল। এই ম্যারাথনে অংশগ্রহণ করেন জেলা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের প্রতিযোগীরা। মিনি ম্যারাথনের পুরুষ বিভাগের পুরস্কার ছিল পঞ্চাশ হাজার টাকা, তিরিশ হাজার টাকা, কুড়ি হাজার টাকা, দশ হাজার টাকা, পাঁচ হাজার টাকা সহ ট্রফি দেওয়া হয় এবং মহিলা বিভাগে দশ হাজার, পাঁচ হাজার, তিন হাজার, দু হাজার, এক হাজার টাকা সহ ট্রফি দেওয়া হয়। এই মিনি ম্যারাথন দেখার জন্য রাস্তার পাশে ভিড় জমান ককেক’শো দর্শক,

### বুথে দিদির দূত

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ ফেব্রুয়ারি : রিন্নাবাড়ি এবং বিধাননগর এক নম্বর অঞ্চলের বিভিন্ন বুথে দিদির প্রতিনিধি হয়ে সহকর্মীদের সাথে ঘুরলেন জেলা সভাপতি পাণ্ডিয়া ঘোষ এবং তৃণমূল কংগ্রেস পঞ্চায়েত কর্মীরা। এখিনি জেলা সভাপতি এবং তৃণমূল অঞ্চল কমিটির সদস্যরা বিনাবাড়ির বিভিন্ন বাড়িতে বাড়িতে গিয়ে বাসিন্দাদের সাথে দেখা করেন এবং মুখ্যমন্ত্রীর বিভিন্ন প্রকল্প নিয়ে আলোচনা করেন। কে কে এইসব প্রকল্পের সুযোগ এবং সুবিধা পাচ্ছেন তা নিয়েও আলোচনা করেন।

| INVITING TENDER NOTICE                                                                                                                                                                                                                                                                                                                         |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| Undersigned is inviting Tender notice towards <b>NIT No. 21/Dev/EO/Pur/2022-23 Date. 02.02.2023.</b> Last date of submission of tender is <b>up to 5.00 pm. 17.02.2023</b> and will be opened on <b>20.02.2023 at 5.00 pm.</b> For details pl. contact to the office of the under signed or visit the website: <b>http://wbttenders.gov.in</b> |
| <b>Sd/- Executive Officer</b>                                                                                                                                                                                                                                                                                                                  |
| <b>Pursurah Panchayat Samity</b>                                                                                                                                                                                                                                                                                                               |
| <b>Pursurah: Hooghly</b>                                                                                                                                                                                                                                                                                                                       |

| MANGAL STEEL ENTERPRISES LTD                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                       |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| Regd. Office: 248, G.T Road (N), Sakla Howrah-711006                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |
| PHONE: 2655-8331, FAX: 2655-0468                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   |
| CIN:L27109WB1981PLC033969                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          |
| NOTICE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
| Pursuant to Regulation 29 read with Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements), Regulations 2015, notice is hereby given that the meeting of the Board of Directors of the Company is scheduled to be held at its registered office on Tuesday the 14th day of February, 2023 at 1.30 P.M., inter alia, to consider, approve and take on record amongst other items of Agenda, the unaudited Financial Results of the company for the third quarter ended on 31st December, 2022. |
| By Order of the Board                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |
| <b>Sd/-Sanku Shaw</b>                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |
| Date: 04.02.2023      Company Secretary                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                            |

হন উত্তর ২৪ পরগণার শাহিনুর মোল্লা। মহিলা বিভাগে প্রথম হন দক্ষিণ ২৪ পরগণার মুক্তি বানেন, দ্বিতীয় ঝাড়খন্ডের আশা কুমারী এবং তৃতীয় পূর্ব মেদিনীপুরের লাবনী সাহু।

| OFFICE OF THE ULUBERIA-II PANCHAYAT SAMITY                                                                                                                                                                                                                                                                                                                     |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| RAJAPUR: KARATBERIA: ULUBERIA : HOWRAH                                                                                                                                                                                                                                                                                                                         |
| e-tender is invited by the E.O on behalf of Uluberia-II Panchayat Samity for the work published in the website <b>http://wbttndres.gov.in</b> Ref:- Niet. No. HWZP/ULU-II/PS/Niet-17/2022-23 (2nd call of Niet-17/2022-23), Document download start from <b>04/02/2023,18.50 hr. to 09/02/2023 11.30 hr.</b> Bid submission end on <b>09/02/2023,12.00 hr.</b> |
| <b>Sd/-Executive Officer</b>                                                                                                                                                                                                                                                                                                                                   |
| <b>ULUBERIA-II PANCHAYAT SAMITY</b>                                                                                                                                                                                                                                                                                                                            |

| KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDERS                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ABRIDGED NIT                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |
| The Executive Engineer (Civil)/Br.-XII, KMC invites tender online percentage rate two bid system for following works :-                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          |
| 1. NIT No. - KMC/EE/CyBr-XII/108/79/22-23/BUSTEE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |
| Name of Work : Maintenance of U/G Drainage System at slum area of Nonadanga Lake Pally near house no.-44 Lake Pally in Ward No.-108. Estimated Cost - Rs. 2,96,211.27. Earnest Money - Rs. 6,000.00. Period of Completion - 60 days.                                                                                                                                                                                                                                                                                                                             |
| 2. NIT No. - KMC/EE/CyBr-XII/108/80/22-23/BUSTEE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |
| Name of Work : Maintenance of C.C. Road at slum area of Uday Nagar Colony near H/O- Nalini Kanta Routh in Ward No.-108. Estimated Cost - Rs. 2,99,065.69. Earnest Money - Rs. 6,000.00. Period of Completion - 60 days.                                                                                                                                                                                                                                                                                                                                          |
| 3. NIT No. - KMC/EE/CyBr-XII/108/82/22-23/BUSTEE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |
| Name of Work : Renovation of Road at slum area of Nonadanga Lake Pally near H/O- Anup Kumar in Ward No.-108. Estimated Cost - Rs. 2,98,990.97. Earnest Money - Rs. 6,000.00. Period of Completion - 60 days.                                                                                                                                                                                                                                                                                                                                                     |
| 4. NIT No. - KMC/EE/CyBr-XII/108/84/22-23/BUSTEE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |
| Name of Work : Maintenance of Road at slum area of Nonadanga Lake Pally near house no.-62 Lake Pally in Ward No.-108. Estimated Cost - Rs. 2,99,092.78. Earnest Money - Rs. 6,000.00. Period of Completion - 60 days.                                                                                                                                                                                                                                                                                                                                            |
| 5. NIT No. - KMC/EE/CyBr-XII/108/85/22-23/BUSTEE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |
| Name of Work : Maintenance of Road at slum area of Nonadanga Lake Pally near H/O- Soma Karmakar in Ward No.-108. Estimated Cost - Rs. 2,96,001.64. Earnest Money - Rs. 6,000.00. Period of Completion - 60 days. Last Date and time of submission of Bid -11.02.2023 upto 11:00 a.m.(for Sl. 1 to 5). Date and time of Opening Bid -13.02.2023 at 11:00 a.m.(for Sl. 1 to 5). The bid forms and other details are available on and from 03.02.2023 (5:00 p.m.) from the website <a href="https://tender.wb.nic.in">https://tender.wb.nic.in</a> (for Sl. 1 to 5) |

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| The Executive Engineer (Civil)/Br.-XIV, KMC invites tender online percentage rate two bid system for the following works :-                                                                                                                                                                                                                                                                                                                                                 |
| 1. NIT No. - KMC/XIV/131/38/22-23/R (1st Call)                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |
| Name of Work : Maintenance of Agomoni Community Hall by various Civil Works at Sarat Chatterjee Road in Ward No.-131. Estimated Cost (incl. GST & CESS)- Rs. 4,43,655.57. Earnest Money - Rs. 9,200.00. Period of Completion - 15 days.                                                                                                                                                                                                                                     |
| 2. NIT No. - KMC/XIV/128/12/22-23/R (1st Call)                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |
| Name of Work : Development of C. C. Passage at Basudevpur Bye Lane near PR No.-5/1&50/22 in Ward No.-128, Br.-XIV. Estimated Cost (incl. GST & CESS)- Rs. 3,73,365.00. Earnest Money - Rs. 7,500.00. Period of Completion - 25 days.                                                                                                                                                                                                                                        |
| 3. NIT No. - KMC/XIV/129/099/22-23/R                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |
| Name of Work : Development of Drainage by laying of under ground sewer line at A. Nagar (W) near PRE. No 59/E, 68/1 etc. in Ward No.-129. Estimated Cost (Incl. GST & CESS)- Rs. 3,11,143.38. Earnest Money - Rs. 6,300.00. Period of Completion - 15 days. Last Date and time of submission of Bid - 15.02.2023 upto 4:00 p.m. (for Sl. No. 1), 15.02.2023 upto 12:00 noon (for Sl. No. 2), 15.02.2023 upto 11:30 a.m. (for Sl. No. 3). Tender will be opened on - 17.02.2 |

## পায়ের চোটে ছিটকে গেলেন জশ হ্যাজেলউড

নাগপুর, ৫ ফেব্রুয়ারি : ভারতের বিপক্ষে আসন্ন চার ম্যাচ সিরিজের প্রথম টেস্ট থেকে ছিটকে গেলেন অস্ট্রেলিয়ার পেসার জশ হ্যাজেলউড। বাঁ পায়ের অ্যাকিলিসের চোটে ভুগছেন তিনি। সিরিজের দ্বিতীয় টেস্টেও অনিশ্চিত হ্যাঁজেলউড। হ্যাঁজেলউডের অনুপস্থিতিতে প্রথম টেস্টের দলে সুযোগ পেতে পারেন পেসার স্কট বোল্যান্ড। প্রথমবারের মত বিদেশের মাটিতে টেস্ট খেলতে নামবেন তিনি। এখন পর্যন্ত ঘরের মাটিটাই কেবিরারের সবগুলো টেস্ট খেলা বোল্যান্ড ৬ ম্যাচে ২৮ উইকেট শিকার করেছেন। গত দুই বছর ধরেই টেস্টে অনিয়মিত হ্যাঁজেলউড এই সময়ে মাত্র ৪টি টেস্ট খেলেছেন। গত বছরের নভেম্বরে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের প্রথম টেস্টে আঙুলের চোটে পড়েন এই ডান হাতি পেসার। এরপর সিরিজের দ্বিতীয় ও পরবর্তীতে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজের প্রথম দুই টেস্টে মাঠের বাইরে ছিলেন হ্যাঁজেলউড। সিডনিতে প্রোটিমাদের বিপক্ষে তৃতীয় টেস্ট দিয়ে বড় ফরম্যাটে খেলার সুযোগ পান তিনি। সিডনি টেস্ট লিগে কিরলেও বৃষ্টির কারণে আউটফিল্ড ভেজা থাকায় বোলিং করতে গিয়ে অ্যাকিলিসের সমস্যায় পড়েন হ্যাঁজেলউড। এজন্য ভারতের মাটিতে পা রেখে এখন পর্যন্ত অস্ট্রেলিয়ার অনুশীলন ক্যাম্পের নেটে বল করতে পারেননি তিনি। আগামী ৯ ফেব্রুয়ারি নাগপুরে শুরু হবে সিরিজের প্রথম টেস্ট। প্রথম টেস্ট শুরুর দুর্দিন আগে বল হাতে অনুশীলন শুরুর অপেক্ষায় আছেন হ্যাঁজেলউড। তিনি বলেন, এটি সিডনি টেস্টে পাওয়া চোটা ভাৱী বৃষ্টির পর মঠ নরম হয়ে যাবার পর বোলিং করেছি। রান-আপ নেওয়ার জায়গা খুবই নরম ছিল। টেস্টের জন্য বাড়তি অনুশীলনের কারণে এটি শরীরের সাথে মানানসুই হয়নি। আঙুলের চোটের কারণে প্রথম টেস্ট থেকে আরগেই ছিটকে গেছেন পেসার নিমলে স্টার্ক। আঙুলের চোট থেকে সৃষ্ট হলেও বোলিং করার মতো ফিট হয়ে উঠতে পারেননি পেস বোলিং অলরাউন্ডার ক্যামেরন গ্রিনও।

## প্লে-অফে আশা মশাল শিবিরের

কলকাতা, ৫ ফেব্রুয়ারি : গত শুক্রবার যুবভারতী ক্রীড়াঙ্গনে কোরাল রাষ্ট্রসংকে হারিয়ে আত্মবিশ্বাস ফিরে পেয়েছে ইস্টবেঙ্গল। ক্রোয়িন সিলভার একমাত্র গোলে জয় পেয়েছে লাল হলুদ ত্রিগোড়। তবে এই জয় সত্ত্বেও লিগ তালিকায় নবম স্থানে রয়েছে ইস্টবেঙ্গল। এমন পরিস্থিতিতে সমকক্ষকার কার্ভ অশা ছেড়ে দিয়েছেন প্রথম ছয়ে যাওয়ার জন্য। কিন্তু সত্যিই কি প্রথম ছয়ে যাওয়ার আশা শেষ ইস্টবেঙ্গলের। পরিসংখ্যান এবং সমীকরণ অন্ততপক্ষে সেটা বলছে না। কিভাবে ইস্টবেঙ্গল প্রথম ছয়ে যেতে পারে, চলুন দেখে নিই। অঙ্কের হিসেবে এখনও সেরা ছয়ের দৌড় থেকে ছিটকে যায়নি ইস্টবেঙ্গল এফসি। হিরো আইএসএলের পরিসংখ্যানবিদরা বলেন, এখন যদি লাল-হলুদ বাহিনী তাদের বাকি সব ম্যাচে জেতে, যদি বেঙ্গালুরু এফসি তাদের চারটির মধ্যে তিনটি ম্যাচে হেরে যায়, ওড়িশা এফসি যদি তাদের বাকি পাঁচ ম্যাচের চারটিতেই হেরে যায় এবং চেন্নাইন এফসি যদি আরও দু’টি ম্যাচে হেরে যায়, তা হলে কিন্তু ছ’নম্বর দল হিসেবে ইস্টবেঙ্গল প্লে-অফে খেলার সুযোগ পাবে। ফলে এখনও অবদি ইস্টবেঙ্গল এর কাছে সুযোগ রয়েছে আইএসএল এর প্লে-অফে যাওয়ার জন্য। তবে কাজটা অভ্যস্ত কঠিন। কারণ সামনে রয়েছে নর্থইস্ট ইউনাইটেড, মুম্বাই সিটি এফসি, চেন্নাইন এফসি এবং এটিকে মোহনবাগানের মতো কঠিন চ্যালেঞ্জ।

# বউকে পিটিয়ে ফের শিরোনামে কুখ্যাত কাশ্বলি

মুম্বই, ৫ ফেব্রুয়ারি : যে চরিত্রের জন্য আজীবন বদনাম কুড়িয়েছেন বিনোদ কাশ্বলি, সেই দুশ্চরিত্রের কারণেই ফের একবার শিরোনামে তারদের প্রাক্তন ক্রিকেটার বিনোদ কাশ্বলি। মদ্যপ হয়ে কুকিং প্যান দিয়ে স্ত্রীর মাথায় আঘাত করেছেন কাশ্বলি। ব্রাদ্রা পুলিশের কাছে এমনই লিখিত অভিযোগ করেছেন কাশ্বলির স্ত্রী আদ্রেয়া হিউরিয়া। বাদ্রা পুলিশ জানিয়েছে যে, কাশ্বলির বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ধারা ৩২৪ (ছিছকৃত ভাবে ভৎসারক অস্ত্র দ্বারা আঘাত) ও ৫০৪ (অপমান) ধারায় মামলা রুজু করা হয়েছে। জানা যাচ্ছে শুক্রবার রাত একটা থেকে দেড়টা নাগাদ কাশ্বলি মদ্যপ হয়ে বাড়ি ফিরেছিলেন। এরপর স্ত্রীর সঙ্গে দুর্ব্যবহার করা শুরু করেন তিনি। আদ্রেয়া চেষ্টা করেন কাশ্বলিকে শান্ত করার। তবে কাশ্বলি উত্তেজনার বশে চলে যান রান্নাঘরে। সেখানে গিয়েই হাতে একটি ফ্রাই প্যান তুলে নেন। এরপর স্ত্রীকে লক্ষ্য করে ছুড়ে মারেন। ঘটনার সময় কাশ্বলি-আদ্রেয়ার ১২ বছরের ছেলেও উপস্থিত ছিল। আদ্রেয়া জানিয়েছেন যে, কোনও কারণ ছাড়াই কাশ্বলি স্ত্রী এবং সন্তানের সঙ্গে দুর্ব্যবহার করেন। শুধু ফ্রাই প্যানের হাতল দিয়ে মেরেই শান্ত থাকেননি কাশ্বলি, এরপর ব্যাট দিয়েও আদ্রেয়ার ওপর চড়াও হন তিনি। আদ্রেয়া মাথায় চোট নিয়ে ছুটে যান ভাবনা হাসপাতালে। এরপর সেখান থেকে থানায় গিয়ে অভিযোগ দায়ের করেন কাশ্বলির বিরুদ্ধে। আদ্রেয়া এফআইআর-এ লিখেছেন, গত ৬ ফেব্রুয়ারি রাত একটা নাগাদ আমার স্বামী বিনোদ কাশ্বলি মদ্যপ হয়ে বাড়ি ফেরে। আমার দুই সন্তানের সামনেই আমার সঙ্গে দুর্ব্যবহার করলে। আমি এমনটা করতে বাধ্য করেছিলাম। ও নিজের মেজাজ হারিয়ে ফেলে এবং ফ্রাই প্যানের ভাঙা হ্যান্ডেল ছুড়ে আমার মাথায় মারে। চোট পাই



আমি। এরপর ব্যাট নিয়েও আমাকে তড়া করেছিল। আদ্রেয়া জানিয়েছেন যে, কাশ্বলি মদ্যপ হয়ে পড়শিরের সঙ্গেও বাজে ব্যবহার করে থাকেন। পুলিশ কাশ্বলিকে প্রেরণাভয়ের জন্য থানায় ডেকে পাঠিয়েছে। কাশ্বলির বাড়িতে গিয়েও ব্যয়ন নিয়েছে। ২০১৪ সালে কাশ্বলি সেন্ট পিটার্স চার্চে গিয়ে বিয়ে করেন আদ্রেয়াকে। এরপর আইনি বিয়ে করে তাঁরা ক্যাথলিক মতে বিয়ে সানেন। কাশ্বলির দ্বিতীয় স্ত্রী আদ্রেয়া। ২০১০ সালে কাশ্বলি-আদ্রেয়ার প্রথম সন্তান জন্ম নেয়। এর আগে গতবছর কাশ্বলি তাঁর হাউজিং সোসাইটির গেটে ভাঙচুর করে মুম্বই পুলিশের হাতে ফ্রেফতার হয়েছিলেন।

# ভারত-অস্ট্রেলিয়া দ্বৈরথে বড় ভূমিকা নেবেন স্পিনাররা

## স্পিনের বিরুদ্ধে অনুশীলনে রোহিতরা

নাগপুর, ৫ ফেব্রুয়ারি : নাগপুরে ভারত-অস্ট্রেলিয়া প্রথম টেস্ট ৯ ফেব্রুয়ারি থেকে। অস্ট্রেলিয়ার পেস ব্যাটারির পাশাপাশি অজি স্পিনারদেরও সমীহ করছে ভারতীয় টিম ম্যানেজমেন্ট। একটা সময় ভারতীয় ব্যাটারদের স্পিন খেলার দক্ষতা ছিল প্রশ্নাতীত। যদিও সাম্প্রতিককালে তারকাদের কিছু দুর্বলতাও দেখা যাচ্ছে। গুরুত্বপূর্ণ সিরিজে সেই খামতি মেটাতে বদ্বপরিকর ভারত। নাথান লিয়-সহ চার বিশেষজ্ঞ স্পিনার নিয়ে এসেছে অস্ট্রেলিয়া। রয়েছেন অ্যান্টন অ্যাগার, মিচেল সোয়েপসন ও টড মার্কি। এ ছাড়াও আরও কয়েকজন কাজ চালাতে পারেন। যদিও চোটের কারণে মাঠের বাইরে থাকা প্রেন ম্যাকগয়েল থাকলে অজিদের স্পিন বিকল্প আরও বাড়তো। অস্ট্রেলিয়া ধরে নিয়েছে ভারত স্পিন পিচের চ্যালেঞ্জ দেবে। সে কারণে আলুরে ফুটিকাটা ভাঙা উইকেটেও অনুশীলন চালাচ্ছে প্যাট কামিন্সের দল। যদিও বিভিন্ন মাধ্যম থেকে জানা যাচ্ছে, বর্ডার-গাভাসকর ট্রফিতে র‍্যাক টার্নার বানাচ্ছে না ভারত। একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে উল্লেখ, নাগপুর, দিল্লি, ধরমশালা ও আমেনদাবরের কিউরেটরের কাছে নির্দেশ গিয়েছে পাঁচ দিন টেস্ট খেলার পক্ষে উপযুক্ত ভালো পিচ তৈরির। বাংলাদেশে ভারত টেস্ট সিরিজ জিতলেও অনেক ব্যাটারেরই স্পিন খেলার দুর্বলতা প্রকট হয়েছিল। সে কারণে হিতে বিপরীত হতে পারে সেই আঁচ করেই র‍্যাক টার্নার বা পুরোপুরি ঘৃণি উইকেট বানানো হচ্ছে না। ঋষভ পন্থ, জসপ্রীত বুমরাহর মতো ক্রিকেটার না থাকায় এবার দেশের মাটিতে ভারতীয় দল দুর্বল বলেও উল্লেখ করেছেন প্রাক্তন অজি অধিনায়ক তথা ভারতের প্রাক্তন কোচ গ্রেগ চ্যাপেল। ব্যাটারদের স্পিন দুর্বলতা কাটাতে ভারত প্রয়োজনীয় পদক্ষেপও করেছে। নাগপুরে চলছে ভারতীয় টেস্ট দলের শিবির। এমনিতে টেস্ট দলে রয়েছেন রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা, অক্ষর প্যাটেল ও কুলদীপ যাদব। নেট বোলার হিসেবে আরও ৬ স্পিনারকে ডাকা হয়েছে। তাঁরা হলেন বাহাতি স্পিনার



সৌরভ কুমার, অফ স্পিনার জয়ন্ত যাদব, পুলকিত নারায়, বাহাতি স্পিনার সাই কিশোর, লেগ স্পিনার রাহুল চাহার ও অফ স্পিনার ওয়াশিংটন সুন্দরকে। পরিসংখ্যান বলছে, রোহিত শর্মা ৫৭ ইনিংসে ২৫টিতে স্পিনারের বলে আউট হয়েছেন। চোতেশ্বর পূজারা ১২২ ইনিংসে ৫০ বার, বিরাট কোহলি ১৩০ ইনিংসে ৫৭ বার, লোকেশ রাহুল ৬৮ ইনিংসে ১৯ বার ও শুভমান গিল ১৬ ইনিংসে ৮ বার স্পিনারদের শিকার হয়েছেন টেস্টে। নাথান লিয়র কথা ভেবেই ভারত শিবিরে অফ স্পিনারদের বেশি সংখ্যায় রেখেছে বলে মনে করা হচ্ছে। বিভিন্ন ধরনের স্পিনারদের নেটে সামলালে অজিদের স্পিনারদের ভারতীয় ব্যাটাররা শাসন করবেন বলেই মনে করা হচ্ছে। একইসঙ্গে যারা টেস্ট খেলবেন নেটে বেশি বোলিং করে তাঁদেরও ক্লাস্টির শিকার হতে হবে না।

## দিল্লির অধিনায়ক হবেন ডেভিড ওয়ার্নার

## পন্থের বদলে দিল্লির উইকেটের পেছনে অনুশীলনে বাংলার অভিষেক পোড়েল

কলকাতা, ৫ ফেব্রুয়ারি : আইপিএল শুরু হতে এখনও একমাসেরও বেশি সময় বাকি। এরই মধ্যে অনুশীলনে নেমে পড়ল দিল্লি ক্যাপিটালস। রবিবার থেকেই অনুশীলন শুরু করল দিল্লি। তবে প্রথম দিনের অনুশীলন হল কলকাতায়। সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে রবিবার থেকে শুরু হল অনুশীলন। যশ ধুব, সরফরাজ খান, কমলেশ নাগারকোটিরা ছিলেন প্রথম দিনের অনুশীলনে। বাংলার পেসার মুকেশ কুমারও দলের সঙ্গে অনুশীলন করেন। এদিন দিল্লি ক্যাপিটালসের অনুশীলনে দেখা গেল অভিষেক পোড়েলকে। আইপিএল নিলামে ডাক পান বাংলার উইকেটকিপার। দিল্লির নেটে বেশ কিছুক্ষণ ব্যাটিং করলেন অভিষেক। ট্রায়ালে ডাকা হয়েছে তাঁকে। গত বছর ভারতের অনূর্ধ্ব-১৯ সিরি়াপিয়ন দলের সদস্য ছিলেন অভিষেক। বাংলার চিমিরির দলের হয়েও নিয়মিত খেলেন। বাঁ হাতি তরুণ ব্যাটার বাংলার জার্সিতে ঘরোয়া ট্রফিতে নজরও কেড়েছেন। তাঁকেই এবার ট্রায়ালে ডাকল সৌরভের দিল্লি। দুর্ঘটনার কবলে পড়ে এ বারের আইপিএল খেলতে পারিলেন না অধিনায়ক ঋষভ পন্থ। শোনা যাচ্ছে, পন্থের বিরুদ্ধ হিসেবেই তরুণ অভিষেককে ভাবছে দিল্লি শিবির। দিল্লিতে পন্থ ছাড়া উইকেটকিপার হিসেবে আছেন ইংল্যান্ডের ফিল সল্ট। ভারতীয় কিপারের খোঁজ করছে দিল্লি শিবির। আর সেখানেই শিকে ছিঁড়তে পারে বদ্ব কিপার অভিষেক পোড়েলের। যাদবপুরের মাঠে দিল্লির

অনুশীলনে হাজির ছিলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। এখন তিনি দিল্লির ক্রিকেট ডিরেক্টর। প্রথম দিন কড়া নজরেই দেখলেন দলের অনুশীলন। আইপিএলের আগে দলকে পুরোদমে দেখে নিতে চাইছেন মহারাজ। এদিকে গাড়ি দুর্ঘটনার কবলে পড়ায় আগাতত বেশি কিছুদিন মাঠের বাইরেই থাকতে হবে ঋষভ পন্থকে। আসন্ন আইপিএলে তিনি অংশগ্রহণ করতে পারবেন না। পন্থের অনুপস্থিতি তাঁর ফ্রাঞ্চাইজি দিল্লি ক্যাপিটালসের কাছে নিঃসন্দেহে এক বিরাট ধাক্কা। পন্থ আইপিএলে খেলতে পারবেন না, একথা জানাজানি হওয়ার পর থেকেই আসন্ন মরশুমে কে দিল্লির অধিনায়কত্ব করবেন, সেই নিয়ে জল্পনা কল্পনা চলছি। সেই জল্পনার অবসান ঘটালেন দিল্লির ডিরেক্টর অফ ক্রিকেটে সৌরভ গঙ্গোপাধ্যায়। রবিবার ও সোমবার কলকাতার সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে দুইদিনব্যাপী অনুশীলন শিবিরের আয়োজন করেছে দিল্লি ক্যাপিটালস। সৌরভের তদ্বাবধানেই সেই শিবির আয়োজিত হচ্ছে। সরফরাজ খানের মতো রঞ্জির সেমিফাইনালে অংশগ্রহণ করছেন না, এমন ঘরোয়া ক্রিকেটাররা মোটামুটি সকলেই এই শিবিরে উপস্থিতি রয়েছেন। সেই শিবিরের মাঝেই সাংবাদিকদের সামনে সৌরভ আসন্ন মরশুমে দিল্লির অধিনায়কের নাম ঘোষণা করেন। সৌরভ জানান প্রাক্তন আইপিএল জয়ী অধিনায়ক ডেভিড ওয়ার্নারই আসন্ন আইপিএল মরশুমে দিল্লি ক্যাপিটালসকে নেতৃত্ব দেনেন।

## দুর্দান্ত লড়াইয়ের আশায় চেতেশ্বর পূজারা

নাগপুর, ৫ ফেব্রুয়ারি : প্রায় এক দশকের বেশি সময় ধরে ব্যাটিং অর্ডারে দায়িত্ব সামলাচ্ছেন তিনি। ভারতের মিডল অর্ডারের এক বিরাট স্তম্ভ। তিন নম্বরে ব্যাট করতে নেমে বহু ম্যাচ ধরেছেন নিজের হাতে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বর্ডার-গাভাসকর ট্রফির দ্বিতীয় ম্যাচে ১০০তম টেস্ট খেলবেন চেতেশ্বর পূজারা। ২০১০ সালে রাহুল দ্রাবিড অবসর নেওয়ার পর তাঁর জায়গায় অভিষেক হয় পূজারার। তার পূর্বসূরীর মতো পূজারা বিপক্ষের সব আক্রমণকে তেঁঁতা করে পিচ কামড়ে পড়ে থাকেন। বর্তমানে রাহুল দ্রাবিড ভারতীয় দলের প্রধান কোচ। কাকতালীয়ভাবে তাঁর জ্যগাঘা় অভিষেক করা পূজারা একটি ম্যাচের পরই ১০০তম টেস্ট ম্যাচ খেলতে নামবেন। পূজারা এখন ৯৮ টেস্টে ৪৪.৩৯ গড় নিয়ে ৭০১৪ রানের পাহাড়ের উপরে বসে রয়েছেন। আর কিছুদিনের মধ্যেই অস্ট্রেলিয়ার

বিরুদ্ধে চার ম্যাচের টেস্ট সিরিজ খেলতে নামবে ভারত। এই সিরিজেও অন্যতম ভরসা তিনি। বিপক্ষে অস্ট্রেলিয়া থাকলে বারবার গর্জে উঠেছেন তিনি। সম্প্রতি এক সাংবাদিক সম্মেলনে তাঁকে প্রশ্ন করা হয়, বিপক্ষে অস্ট্রেলিয়া থাকলেই আপনি গর্জে ওঠেন কেন? প্রশ্নের উত্তরে পূজারা বলেন, অস্ট্রেলিয়া এমন একটি দল যারা প্রতি পদক্ষেপে চ্যালেঞ্জ ছুঁড়ে দেয়। আমি সেই চ্যালেঞ্জ গ্রহণ করতে ভালোবাসি। আমি শুধু মৌখিক চ্যালেঞ্জের কথা বলছি না। এটা ঠিক যে অস্ট্রেলীয়রা মাঠে অনেক কথ বলে। এই বিষয়ে অনেকে অনেক কথাই বলেছেন, তবে আমি ক্রিকেটায় চ্যালেঞ্জের কথা বলছি। অজিরা খুব লড়াইবদল। এখন আমার দল সমস্যায় পড়ে, তখন আমার কাজ হল সেই সমস্যা থেকে দলকে বের করে আনা। তা আমি করবো। তবে তা বেশিরভাগই অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। সিরিজের জন্য

তিনি কেমন প্রস্তুতি নিয়েছেন, জিজ্ঞাসা করা হলে পূজারা জানান, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিরিজের জন্য প্রস্তুতি হিসাবে আমি কয়েকটি রঞ্জি ম্যাচ খেলেছি। রাজকোটে নিজের বাড়িতে গিয়ে প্র্যাকটিস করেছি। সবকিছু আমি বলতে পারছি না। কিছু কিছু বিষয়ের উপর গভীরভাবে অনুশীলন করেছি যা আমাকে এই সিরিজে সাহায্য করবে বলে মনে করছি। এই সিরিজে অজিরা রাখেন, ঋষভ ও জসপ্রীত বুমরাহ না থাকায় ক্ষতি হবে কিনা সেই বিষয়ে বলেন, ভারত বনাম অস্ট্রেলিয়া সবসময়ই গুরুত্বপূর্ণ সিরিজ। প্রতিটি ক্রিকেটার নিজ নিজের প্রমাণ করতে উদগ্রীব থাকেন। শুধু ব্যক্তিগতভাবে নয়, দল হিসাবেও সেরা থাকতে চাই আমরা। এর আগেও ভারত-অস্ট্রেলিয়ার দুর্দান্ত সিরিজ হয়েছে। এই সিরিজটাও তেমনই হবে বলে আশা করছি। ৯ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে ভারত-অস্ট্রেলিয়া সিরিজ।

## দিল্লি ছেড়ে মুম্বইয়ে ঝুলন গোস্বামী

মুম্বই, ৫ ফেব্রুয়ারি : শেষমেশ সত্যি হল জল্পনা। দিল্লি নয়, আসন্ন উইমেল প্রিমিয়ার লিগে মুম্বই ফ্র্যাঞ্চাইজির কোচিং স্টাফ হিসেবে দেখা যাবে ঝুলন গোস্বামীকে। মুম্বইয়ের বোলিং কোচ তথা মেন্টরের দায়িত্ব পালন করবেন ঝুলন। ক’দিন আগে দিল্লি ক্যাপিটালসের ডিরেক্টর অফ ক্রিকেট সৌরভ গঙ্গোপাধ্যায় জানান যে, তাঁরা ঝুলন গোস্বামীকে মহিলা দলের দলের বোলিং কোচ হওয়ার প্রস্তাব দিয়েছিলেন। তবে প্রস্তাব গ্রহণ করছেন না তিনি। ঝুলন সম্ভবত মুম্বইয়ে যোগ দেবেন। প্রাক্তন বিসিসিআই সভাপতির দাবি যে ভুল নয়, সেটা বোঝা গেল রবিবার। এদিন মুম্বই ইন্ডিয়ান্সের তরফে সোশ্যাল মিডিয়ায় বিজ্ঞপ্তি জারি করে মহিলা দলের জন্য নিযুক্ত কোচিং স্টাফদের নাম ঘোষণা করা হয়। প্রত্যাশা মতোই সেই বিজ্ঞপ্তিতে ঝুলনের নাম রয়েছে বোলিং কোচ হিসেবে। মুম্বই হেড কোচ অ্যালিস্টো ও রীতিমতো চমক দেয়। তাঁরা দলের হেড কোচের দায়িত্ব তুলে নেয় ইংল্যান্ডের মহিলা ক্রিকেট দলের প্রাক্তন ক্যাপ্টেন শার্লট এডওয়ার্ডসের হাতে। দলের ব্যাটিং কোচের ভূমিকায় দেখা যাবে দেবিকা পালশিকের। টিম ম্যানেজার নিযুক্ত হয়েছেন টিসি ভট্টাচার্য। এডওয়ার্ডস শুধু ক্রিকেটার হিসেবে চূড়ান্ত সফল, এমনটাই নয়। তাঁর কোচিং কেরিয়ারও রীতিমতো



বকম্বাকে। দ্য হান্ড্রেডে সাদার্ন ভাইপার্স ও সাদার্ন ব্রড দলের হেড কোচ ছিলেন এডওয়ার্ডস। উইমেল বিগ ব্যাশ লিগে কোচিং করিয়েছেন সিডনি সিগ্নার্সকে। দুই দশকের ক্রিকেটার জীবনে শার্লট বিস্তার সাফল্য পেয়েছেন। তাঁর নেতৃত্বে ইংল্যান্ডের মহিলা ক্রিকেট দল ওয়ান ডে ও টি-২০ বিশ্বকাপ জিতেছে। শার্লট ইংল্যান্ডের হয়ে ২৩টি টেস্ট, ১৯১টি ওয়ান ডে ও ৯৫টি আন্তর্জাতিক টি২০ ম্যাচ খেলেছেন। টেস্টে ১৬৭৬, ওয়ান ডে ক্রিকেটে ৫৯৯৩ ও আন্তর্জাতিক টি২০ ক্রিকেটে ২৬০৫ রান সংগ্রহ করেছেন তিনি। তিন ফর্ম্যাট মিলায়ে ৭৫টি আন্তর্জাতিক উইকেটও রয়েছে

এডওয়ার্ডসের বুলিতে। ঝুলনের সেই অর্থে কোচিং করানোর অভিজ্ঞতা নেই। তবে বাংলার মহিলা ক্রিকেট দলের মেন্টরের ভূমিকা পালন করছেন তিনি। মহিলা ক্রিকেটের সর্বকালের সেরা বোলারদের মধ্যে অন্যতম ঝুলন। ক্রিকেটার জীবনে বিস্তার সাফল্য পলেও বিশ্বকাপের ট্রফি অধরা রাখাে তাঁরা। ঝুলন ভারতের হয়ে ১২টি টেস্ট, ২০৪টি ওয়ান ডে ও ৬৮টি আন্তর্জাতিক টি-২০ ম্যাচ খেলেছেন। ওয়ান ডে ক্রিকেটের ইতিহাসে সব থেকে বেশি ২৫৫টি উইকেট রয়েছে ঝুলনের বুলিতে। তিনি টেস্টে ৪৪টি ও আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে ৫৬টি উইকেট নেন।

### আরবে এশিয়া কাপ!

নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি : পাকিস্তানের মাটিতে অনেকদিন ধরেই আন্তর্জাতিক ক্রিকেট ফিরেছে। কিন্তু রাজনৈতিক কারণে ভারতীয় দল সেখানে যেতে রাজি নয়। তাই এ বছরের এশিয়া কাপ পাকিস্তান থেকে সরে যাচ্ছে বলে অনুমান। শনিবার রাতে বাহারইনে এশিয়ার ক্রিকেট কাউন্সিলের (এসিসি) সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। মূলতঃ পিসিবি প্রধান নাজাম শেহির আহ্বানেই এই সভা হয়েছিল। কিন্তু সেখানেও নাকি ভারত নিজদের অবস্থানে অনড় থাকে। আগামী আগস্ট-সেপ্টেম্বরে পাকিস্তানের মাটিতে এশিয়া কাপ অনুষ্ঠিত হওয়ার কথা আছে। চলতি বছর ওয়ানডে বিশ্বকাপ থাকায় এশিয়া কাপও হবে পঞ্চাশ ওভারের ফরম্যাটে। বিসিসিআই আগেই ঘোষণা করেছিল যে, পাকিস্তানে তারা দল পাঠাবে না। এসিসির সভাতেও নাকি বিসিসিআই সচিব জয় শাহ নিজের অবস্থানে অটল ছিলেন। এরপর আজ এক বিবৃতিতে এসিসি জানিয়েছে, ২০২৩ এশিয়া কাপ নিয়ে গঠনমূলক আলোচনা হয়েছে। টুর্নামেন্ট সফলভাবে আয়োজন করতে কার্যনির্বাহী বোর্ড সব ব্যাপারে একমত পোষণ করেছে। আগামী মার্চে এসিসি কার্যনির্বাহী বোর্ডের পরবর্তী বৈঠকের পর সর্বশেষ সিদ্ধান্ত জানানো হবে। জানা যাচ্ছে, গতবারের মতো এবারও সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত হতে পারে এশিয়া কাপ। বিসিসিআইয়ের এক কর্তা বলেছেন, ভারত সরকার আমাদের ক্রিকেট দলকে পাকিস্তানে খেলতে যাওয়ার অনুমতি দেবে না। আমরা অন্য বোর্ডগুলোকে বিষয়টি বোঝানোর চেষ্টা করছি। এ নিয়ে ভারতে সবাই এক মাস অপেক্ষা করতে চেয়েছে। বুঝতে পারছেন, বিরাট কোহলি, রোহিত শর্মা, শুভমান গিলয়ের ছাড়া কোনো টুর্নামেন্ট হলে পৃষ্ঠপোষক প্রতিষ্ঠানগুলো মুখ ফিরিয়ে নেবে। ভারতের এই অবস্থানের কারণে, সংযুক্ত আরব আমিরাতেকেই এশিয়া কাপের সম্ভাব্য ভেনু হিসেবে ধরা হচ্ছে।

সব খবর সবার আগে, বাংলায়

Download The App Now

GET IT ON Google Play

ডাউনলোড করতে স্ক্যান করুন



রয়েছে। সুতরাং এটি থেকে আপনি অনুমান করতে পারেন যে সেই ওয়েবসাইটটিও রবিচন্দ্রন অশ্বিনের বোলিং অ্যাকশন সম্পর্কে জানে না। আসলে অশ্বিন একজন অফ-স্পিনার কিন্তু তাঁর বোলিংয়ে এতটাই বৈচিত্র্য রয়েছে যে তিনি ডান হাত দিয়ে লেগ স্পিনারের দ্বিতীয় এবং ক্যারাম বলটিও করতে পারেন। আসলে রবিচন্দ্রন অশ্বিন এমন একজন বোলার যিনি অস্ট্রেলিয়ার জন্য সবচেয়ে বড় মাথাব্যথা হয়ে উঠতে পারেন। এই কারণেই অশ্বিনকে সামলাতে ‘নকল অশ্বিন’ বোলার মহেশের বিরুদ্ধে নেটে প্রচুর ব্যাটিং অনুশীলন করেছে অস্ট্রেলিয়ান দল। অশ্বিন টেস্ট ক্রিকেটে বিশেষ রেকর্ড গড়ার কাছাকাছি। অশ্বিন যদি আর একটি উইকেট নিতে সফল হন, তবে তিনি টেস্ট কেবিরারে তাঁর ৪৫০ উইকেট পূর্ণ করবেন।

### বিশ্বকাপে ফোকাস

নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি : চলতি বছরে এই প্রথম বারের মতো মহিলাদের আইপিএল দেখাবে ক্রিকেট বিশ্ব। জানা গিয়েছে, ১৩ ফেব্রুয়ারি মুম্বইতে মেয়েদের আইপিএলের নিলামের আসর বসার কথা। যা নিয়ে ক্রিকেট মহলে রীতিমতো আলোচনা চলছে। তবে এই নিলামের থেকেও ভারতের মহিলা দলের অধিনায়ক হরমনপ্রীত কৌরের কাছে বেশি গুরুত্বপূর্ণ মেয়েদের টি-২০ বিশ্বকাপ। ১২ ফেব্রুয়ারি পাকিস্তানের বিরুদ্ধে বিশ্বকাপের যাত্রা শুরু করবে ভারত। তাই বিশ্বকাপের চেয়ে এখন আর কোনও কিছুকেই বড় করে দেখছেন না তিনি। সদ্য অনূর্ধ্ব-১৯ মেয়েদের টি-২০ বিশ্বকাপে ইংল্যান্ডকে হারিয়ে দেশের নাম উজ্জ্বল করেছে ভারতের অনূর্ধ্ব ১৯ মেয়েদের দল। এই দলের গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন বাংলার মেয়ে ঋষিতা বসু, রিচা ঘোষ ও তিতাস সাধু। তাঁদের জয়ের উদাহরণ টেনেই হরমকে বলতে শোনা যায়, ভারতের সাফল্যের বুলিতে আরেকটি আইসিসি ট্রফি দেখতে চান তিনি। একজন ক্রিকেটারের কাছে বিশ্বকাপের চেয়ে গুরুত্বপূর্ণ আর কী হতে পারে শেষে এ কথাও যোগ করেন হরমনপ্রীত। টি-২০ বিশ্বকাপের বড় ম্যাচের পরের দিনই কেন এই নিলামের আসর রাখা হল? তা নিয়ে জল্পনা শুরু হয়েছে। অনেকেই মনে করছেন এতে ক্রিকেটারদের উপর মানসিক চাপ আসবে।